প্রকল্পের সার্বিক মূল্যায়নের জন্য প্রকল্প বাস্তবায়নকালে পূর্ণ বা আংশিক দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, সড়ক ও জনপথ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ, সাইট ইঞ্জিনিয়ার, স্টেশন মাস্টার, লাইনম্যান প্রমূখ ব্যক্তিবর্গের সাথে পরামর্শমূলক বৈঠক বা নিবিড় আলোচনার মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রকল্প সম্পর্কে তথ্য সংগ্রহের জন্য মুখ্য উত্তরদাতার আকার নিম্নরুপ –

সারণী ২.৫- কেআইআই নির্ধারণ

ক্রমিক নং	কর্মকর্তা/স্টেকহোল্ডার এর পদবী	প্রকার	পরিমাণ
১.	প্রকল্প পরিচালক	কেআইআই	১
২.	বাস্তবায়নকারী সংস্থার সহায়ক জনবল (একাউনটেন্ট, প্রোগ্রামার, প্রকৌশলী, প্রকিউরমেন্ট বিশেষজ্ঞ পরিবীক্ষণ ও মূল্যায়ন কর্মকর্তা)	কেআইআই	4
৩.	মন্ত্রণালয়/বিভাগ এর সংশ্লিষ্ট কর্মকর্তা	কেআইআই	১
৪.	পরিকল্পনা কমিশনের এর সংশ্লিষ্ট কর্মকর্তা	কেআইআই	১
৫.	আইএমইডির এর সংশ্লিষ্ট কর্মকর্তা	কেআইআই	১
৬.	আইএমইডির এর সংশ্লিষ্ট কর্মকর্তা	কেআইআই	১
৭	স্থানীয় সরকার প্রতিনিধি	কেআইআই	২
৮	পরিবহন ব্যবসায়ী প্রতিষ্ঠানের প্রতিনিধি	কেআইআই	২
৯	প্রতিষ্ঠিত সমাজসেবক	কেআইআই	১
মোট			**১৪**

নিবিড় সাক্ষাৎকার (In-depth Interview)

প্রকল্পের পরিকল্পনা, প্রকিউরমেন্ট, বাস্তবায়ন, পরিচালনা, এবং ব্যবস্থাপনা সম্পর্কে বিস্তর ধারণা লাভ করতে সড়ক ও জনপথ অধিদপ্তর ৪ জন এবং আইএমইডির ১ জন (মোট ৫ জন) কর্মকর্তার সাথে নিবিড় সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে।

২.৫ স্থানীয় পর্যায়ে কর্মশালা

পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্প এলাকায় একটি কর্মশালার আয়োজন করা হয়েছে । ৬০ জন স্থানীয় বিভিন্ন পেশার জনগণ, স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি, সড়ক পথ অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ, শিক্ষক, গণ্যমান্য ব্যক্তি ও আইএমইডি এর কর্মকর্তাবৃন্দ এই কর্মশালায় অংশগ্রহণ করেছেন। উন্মুক্ত আলোচনার মাধ্যমে প্রকল্পের প্রভাব মূল্যায়নে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হয়েছে।

সারণী ২.৬: স্থানীয় কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যা

তারিখ	স্থান	অংশগ্রহণকারীর সংখ্যা
১৩/০৫/২০২৩	নরসিংদী জেলা প্রশাসকের কার্যালয়	৬০

২.৬ তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি

২.৬.১ তথ্য সংগ্রহকারী নিয়োগ

মাঠ পর্যায় থেকে Quantitative তথ্য সংগ্রহ করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ৩ জন সুপারভাইজার, ১৪ জন তথ্য সংগ্রহকারী, ১ জন কম্পিউটার অপারেটর এবং ১ জন অফিস সহকারী নিয়োগ দেয়া হয়েছে।

২.৬.২ তথ্য সংগ্রহকারী এবং সুপাভাইজার প্রশিক্ষণ

পরামর্শক প্রতিষ্ঠান তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নিয়োগের পর ২ দিনের প্রশিক্ষণ কর্মসূচীর ব্যবস্থা করেছে। সমীক্ষা কাজের জন্য নিয়োজিত তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজারগণের প্রশিক্ষণ প্রদান করেছেন। উক্ত কর্মসূচিতে আইএমইডির কর্মকর্তাগণকেও আমন্ত্রণ করা হয়েছে।

২.৬.৩ মাঠ পর্যায়ে তথ্য-উপাত্ত সংগ্রহ পরিচালনা

কর্মপরিকল্পনা অনুযায়ী ৪ সপ্তাহব্যাপী তথ্য-উপাত্ত সংগ্রহের কাজ পরিচালনা করা হয়েছে। তথ্য সংগ্রহকারী দিনে ১০-১২ জনের সাক্ষাৎকার গ্রহণ করেছেন। প্রতিটি জেলায় ৩ জন তথ্য সংগ্রহকারী কাজ করেছেন। প্রতিটি জেলার জন্য ১ জন সুপারভাইজার ছিলেন তারা তথ্য সংগ্রহকারীদের পূরণকৃত প্রশ্নমালার গুণগত মান যাচাই ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেছেন।

২.৬.৪ তথ্য সংগ্রহের মান নিয়ন্ত্রণ

পরামর্শকগণ মাঠকর্মীদের সাথে যোগাযোগ এবং মাঠ পর্যায়ে সৃষ্ট সমস্যাগুলোর সমাধান করেছেন। পরামর্শকগণ প্রকল্প এলাকা পর্যবেক্ষণ ও তথ্য সংগ্রহ কার্যক্রম সরেজমিনে পর্যবেক্ষণ করেছেন।

২.৬.৫ তথ্য বা ডাটা এডিটিং ও কোডিং

পূরণকৃত প্রশ্নমালা পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক কোডিং ও এডিটিং করে সংগৃহীত উপাত্ত কম্পিউটারের মাধ্যমে ডাটাবেজ তৈরি করা হয়েছে ও ফক্স প্রো প্রোগ্রামে ডাটা এন্ট্রি করা হয়েছে।

২.৬.৭ তথ্য বিশ্লেষণ

সংগৃহীত তথ্যের যথার্থতা এবং গ্রহণযোগ্যতা যথাযথভাবে বিশ্লেষণের জন্য উন্নত ডাটা এন্ট্রির উপযোগী ও কার্যকরী সফটওয়ার ব্যবহার করা হয়েছে।

২.৬.৭.১ পরিমাণগত উপাত্ত বিশ্লেষণ

উপাত্ত সংগ্রহের পরে কম্পিউটারে আপলোড /প্রবেশ করানো হয়েছে । তারপর উপাত্তগুল SPSS-এ প্রবেশ করানো হয়। পরিসংখ্যানবিদ ও কম্পিউটার অপারেটর সেই অনুযায়ী সমস্ত উপাত্ত পরীক্ষা করেন। পরিসংখ্যানবিদের সাহায্যে সমীক্ষার/অধ্যয়নের উদ্দেশ্যগুলি এবং সূচকসমূহ অনুসরণ করে পরিমাণগত ডেটা বিশ্লেষণ করা হয়েছে।

২.৬.৭.২ গুণগত উপাত্ত বিশ্লেষণ

গুণগত দলের সদস্যদের বিস্তারিত নোট সংগ্রহ করা হয়েছে । নোটগুলি সম্পূর্ণ হয়ে গেলে সেগুলি সফ্ট কপি আকারে প্রস্তুত করে টিম লিডারের কাছে পাঠানো হয় । তথ্য সংগ্রহের জন্য কোন কোন ক্ষেত্রে ডিজিটাল অডিও রেকর্ডার উত্তরদাতাদের কাছ থেকে সম্মতি পাওয়ার পর গুণগত গবেষণায় ব্যবহার করা হয়। টিম লিডার ও অন্যান্য সদস্যরা প্রতিবেদনগুলিকে গোষ্ঠীবদ্ধ করেন এবং সে সাথে বিষয়ভিত্তিক ক্ষেত্র অনুসারে তাদের বিশ্লেষণ করেন। লক্ষিত (সুবিধাভোগী) ও পরোক্ষ (অসুবিধাভোগী) গোষ্ঠী এবং প্রকল্প অংশীজনদের উপলব্ধিগুলি একটি নির্দিষ্ট সূচকে রেখে সমীক্ষার সংখ্যাগত ফলাফল বিশ্লেষণ করা হয়েছে।



চিত্র ২.১- সমীক্ষা পদ্ধতি

২.৭ প্রতিবেদন প্রণয়নে সময় ভিত্তিক কর্ম পরিকল্পনা বাস্তবায়ন

কার্যপরিধির আলোকে পরামর্শককে ৪ ধরণের আউটপুট প্রদান করতে হবে। প্রতিবেদন জমা দেওয়ার আলোকে কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। ৪টি আউটপুট হলো প্রারম্ভিক প্রতিবেদন, খসড়া প্রতিবেদন, চূড়ান্ত খসড়া প্রতিবেদন, চূড়ান্ত প্রতিবেদন । কর্মপরিকল্পনা (Work plan) বিস্তারিত নিম্নে দেওয়া হল-

সারণী ২.৭-সময় ভিত্তিক কর্ম পরিকল্পনা

ক্রঃ নং	কাজের বিবরণ	সময়	মাস																						তারিখ
			ফেব্রুঃ ২৩		মার্চ-২৩				এপ্রিল-২৩				মে-২৩				জুন-২৩								
১	চুক্তি স্বাক্ষর	১ দিন																							১৫/০২/২০২৩
২	খসড়া প্রারম্ভিক প্রতিবেদন প্রণয়ন ও দাখিল	১৩ দিন																							১৬/০২/২০২৩ ২৮/০২/২০২৩
৩	টেকনিক্যাল কমিটির সুপারিশ অনুযায়ী রিপোর্ট সংশোধন	০৩ দিন																							০১/০২/২০২৩ ০৩/০৩/২০২৩
৪	স্টিয়ারিং কমিটি কর্তৃক ইনসেপশন রিপোর্ট অনুমোদন	০৫ দিন																							০৪/০৩/২০২৩ ০৮/০৩/২০২৩
৫	প্রশ্নমালা চূড়ান্তকরণ ও মাঠ পর্যায়ে জনবল নিয়োগ	১৬ দিন																							০৯/০৩/২০২৩ ২৪/০৩/২০২৩
৬	প্রশিক্ষণ, সরেজমিন পর্যবেক্ষণ ও মাঠ পর্যায়ে উপাত্ত সংগ্রহ																								
৭	উপাত্ত সংগ্রহ কার্যক্রমের তদারকি																								
৮	দলীয় আলোচনার (FGD) আয়োজন করা																								
৯	স্থানীয় পর্যায়ে কর্মশালার আয়োজন করা																								
১০	সংগৃহীত উপাত্ত সম্পাদনা	১৮ দিন																							২৫/০৩/২০২৩ ১১/০৪/২০২৩
১১	ডাটা এন্ট্রি ও যাচাইকরণ																								
১২	টেবুলেশন সম্পন্ন																								
১৩	ডাটা বিশ্লেষণ																								
১৪	১ম খসড়া প্রতিবেদন প্রণয়ন ও দাখিল	১৫ দিন																							০৭/০৫/২০২৩ ১১/০৫/২০২৩
১৫	খসড়া প্রতিবেদন টেকনিক্যাল কমিটি কর্তৃক পর্যালোচনা																								
১৬	টেকনিক্যাল কমিটির সুপারিশের আলোকে খসড়া প্রতিবেদন সংশোধন ও ২য় খসড়া প্রতিবেদন দাখিল	১০ দিন																							২২/০৫/২০২৩ ২৫/০৫/২০২৩
১৭	জাতীয় পর্যায়ের সেমিনারে চূড়ান্ত খসড়া প্রতিবেদন উপস্থাপন ও মতামত সংগ্রহ	৯ দিন																							০৪/০৬/২০২৩ ০৯/০৬/২০২৩
১৮	সেমিনারের মতামতের ভিত্তিতে খসড়া প্রতিবেদন চূড়ান্তকরণ ও চূড়ান্ত প্রতিবেদন দাখিল	১২ দিন																							১০/০৬/২০২৩ ১৫/০৬/২০২৩

অধ্যায় ৩
ফলাফল পর্যালোচনা

সড়ক ও জনপথ অধিদপ্তররে আওতায় "গুরুত্বর্পূণ আঞ্চলিক মহাসড়কের যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরন (ঢাকা জোন)" প্রকল্পের আওতায় মোট ১৪৯.২৮ কিলোমিটার রাস্তার কাজ সম্পন্ন করা হয়। প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রধান সড়কের নামগুলো হলো-

- নয়াপুর-আড়াইহাজার-নরসিংদী-রায়পুরা আঞ্চলিক মহাসড়ক
- ভূলতা-আড়াইহাজার-বাঞ্চারামপুর-নবীনগন-শিবপুর-রাধিকা সড়ক
- ইটখোলা-মঠখোলা-কটিয়াদি সড়ক
- গফরগাও-বরমী-মাওনা আঞ্চলিক মহাসড়ক
- মাওনা-শ্রীপুর-কাপাসিয়া-আড়াল-সন্মানিয়া-হাতিরদিয়া-মরনাহরদি আঞ্চলিক মহাসড়ক
- টঙ্গী-কালীগঞ্জ-ঘোড়াশাল-পাচঁদোনা আঞ্চলিক মহাসড়ক

৩.১ প্রকল্পের অগ্রগতি

৩.১.১ প্রকল্পের অর্থবছর ভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন

গাজীপুর, নরসিংদী ও নারায়ণগঞ্জ সড়ক বিভাগের গুরুত্বপূর্ণ আঞ্চলিক সড়কসমূহ যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণের নিমিত্ত মূল প্রকল্পটি ৫৯১৭৪.৮০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং মার্চ, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ৬৩১৩১.৩২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং মার্চ, ২০১৭ হতে জুন, ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটির ১ম সংশোধন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ২২/০৫/২০১৯ তারিখে অনুমোদিত হয়। এক্ষেত্রে মূল প্রাক্কলিত ব্যয়ের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে বেশি ব্যয় করতে হয়েছেন এবং মূল বাস্তবায়ন কালের চেয়ে বেশি সময় লেগেছে। প্রকল্পের অর্থ-বছর ভিত্তিক কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন বিশ্লেষণের জন্য সর্বশেষ সংশোধিত ডিপিপি সংযোজনী-১ এ উপস্থাপন করা হয়েছে, মুল ডিপিপি'র অর্থ-বছর ভিত্তিক কর্ম-পরিকল্পনা এবং প্রকল্প সমাপ্ত প্রতিবেদন পর্যালোচনা করা হয়েছে। বিশ্লেষণ ও পর্যালোচনার সার-সংক্ষেপ ও ফলাফল নিচে উপস্থাপন করা হলো।

- মূল ডিপিপিতে পূর্ত কাজের ৮ টি প্যাকেজ ছিল। পরবর্তীতে ২ টি প্যাকেজ সংযোজন করে সংশোধিত ডিপিপিতে পূর্ত কাজের ১০ টি প্যাকেজের সংস্থান রাখা হয়।

- গাজীপুর সড়ক বিভাগের আওতায় মাওনা-শ্রীপুর -গোসিংগা মহাসড়কের মোট ৪২.৩৫ দৈর্ঘ্য এর মধ্যে মূল ডিপিপিতে ২৭.০০ কিলোমিটার অন্তর্ভুক্ত ছিল।বাকি ১৫.৩৫ কিলোমিটার মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নয়নের লক্ষ্যে আলাদা প্যাকেজ অন্তর্ভুক্ত করা হয়।

- নয়াপুর - আড়াইহাজার - নরসিংদী - রায়পুর মহাসড়কের ২৩ তম কিলোমিটার নরসিংদী সড়ক বিভাগের আওতায় ১ টি ২৮.৭৪ মিটার পিসি গার্ডার সেতু ও ২২ ও ২৩ তম কিলোমিটারে ২টি কালর্ভাট এবং নারায়নগঞ্জ সড়ক বিভাগের আওতায় ২য় কিলোমিটারে ২০.০০ মিটার কালর্ভাটের পরিবর্তে ২২.৩৬ মিটার সেতু নির্মানের প্রয়োজন হওয়ায় আলাদা প্যাকেজ অন্তর্ভুক্তকরন হয়েছে।

- মূল ডিপিপিতে রাজস্ব খরচের সরবরাহ ও সেবা খাতে বৎসর ভিত্তিক আর্থিক ও ভৌত খাতে ১১৬.৭৯ লক্ষ টাকা দেখানো হয়েছে,যা পরবর্তীতে সংশোধিত ডিপিপিতে দেখানো হয়নি।অর্থাৎ প্রকল্পের রাজস্ব খরচের সরবরাহ ও সেবা খাতে কোন অর্থ খরচ করা হয়নি।

- মূল প্রাক্কলিত ব্যয়ের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ২,৯৫২.৪৯ লক্ষ টাকা (৫%) বেশি ব্যয় করতে হয়েছেন এবং মূল বাস্তবায়ন কালের চেয়ে ৬ মাস (১৮%) বেশি সময় লেগেছে।

- মূল ডিপিপিতে ভূমি অধিগ্রহণের জন্য ১ম বছরে লক্ষ্যমাত্রা ছিল ৫৭৪.৮৮ লক্ষ টাকা এচরে ২য় বছরে লক্ষ্যমাত্রা ছিল ৮৬২.৩৩ লক্ষ টাকা, আরডিপিপি অনুসারে দেখা যায়, ১ম বছরেই ১৪০৬.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা অঙ্গের ৯৭.৮৩ %। সংশোধিত ডিপিপিতে ভৌত কাজ ও খরচের যে বৎসরভিত্তিক টার্গেট/খরচ প্রদান করা হয়েছে তা মূল ডিপিপিতে দেখানো ভৌত টার্গেট ও খরচের সাথে তারতম্য রয়েছে।

- আরডিপিপি অনুসারে, প্রকল্পটি প্রথম অর্থ-বছরে ৩.৮৪% কাজ সম্পন্ন করে এবং ২য়, ৩য় ও ৪র্থ বছরে যথাক্রমে ৩১.৬৮%, ৩৫.৭৩% ও ২৯.১০% সম্পন্ন করে। প্রথম বছরে শুধু ভূমি অধিগ্রহণ ও ইউটিলিটি অপসারণ করা হয়। বিস্তারিত **সংযোজনী- ০১** এ দেয়া হয়েছে।

সারণী ৩.১ বছর ভিত্তিক প্রকল্পের বাস্তব অগ্রগতি

বছর	প্রকল্পের বাস্তব অগ্রগতি
০১ (২০১৬-২০১৭)	৩.৪৮%
০২ (২০১৭-২০১৮)	৩১.৬৮%
০৩ (২০১৮-২০১৯)	৩৫.৭৩%
০৪ (২০১৯-২০২০)	২৯.১০%

সূত্রঃ আরডিপিপি, ২০১৯

সারণী ৩.২ আরডিপিপি অনুযায়ী প্যাকেজের বর্ণনা

প্যাকেজ নং	আরডিপিপি অনুযায়ী প্যাকেজের বর্ণনা
ডাব্লিউপি-০১	মাওনা-শ্রীপুর-গোশিংঙ্গা-হাতিরদিয়া-সম্মানিয়া সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ
ডাব্লিউপি-০২	গফরগাও-বরমি-মাওনা সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ।
ডাব্লিউপি-০৩	টঙ্গী-কালীগঞ্জ-ঘোড়াশাল-পাচঁদোনা সড়ক (চেঃ ০+০০০ হতে ৯+৬০০) সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ।
ডাব্লিউপি-০৪	টঙ্গী-কালীগঞ্জ-ঘোড়াশাল-পাচঁদোনা সড়ক (চেঃ ৯+৬০০ হতে ২৪+৪০০) সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ।
ডাব্লিউপি-০৫	ভূলতা-আড়াইহাজার-বাঞ্চারামপুর সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ।
ডাব্লিউপি-০৬	নয়াপুর-আড়াইহাজার-নরসিংদী-রায়পুরা সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ (নারায়ণগঞ্জ অংশ)
ডাব্লিউপি-০৭	ইটাখোলা-মঠখোলা-কটিয়াদি সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ
ডাব্লিউপি-০৮	নয়াপুর-আড়াইহাজার-নরসিংদী-রায়পুরা সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ (নারায়ণগঞ্জ অংশ)
ডাব্লিউপি-০৯	মাওনা-শ্রীপুর-গোশিংঙ্গা-হাতিরদিয়া-সম্মানিয়া সড়কের চেঃ ০+৬৫০ হতে ১৩+৫০০ পর্যন্ত এবং চেঃ ২৫+৮০০ হতে ২৮+০২৫ পর্যন্ত প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ।
ডাব্লিউপি-১০	নয়াপুর-আড়াইহাজার-নরসিংদী-রায়পুরা সড়কের ২৩ তম কিলোমিটারে ২৮.৭৮ পিসি গার্ডার সেতু এবং ২য় কিলোমিটারে ২২.৬৮ মিটার আরসিসি গার্ডার সেতু ও ২২ ও ২৭ তম কিলোমিটারে ২ টি বক্স কালর্ভাট নির্মাণ কাজ

সূত্রঃ আরডিপিপি, ২০১৯

৩.১.২ অর্থ-বছর ভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয়

সমীক্ষায় দেখা যায় যে প্রথম অর্থ ছাড় হয়েছিল ২০১৭ সালে এবং সর্বশেষ অর্থছাড় হয়েছিল ২০২০ সালে। এতে দেখা যায় যে মোট ৪ বার অর্থ ছাড় হয়েছিল । আরডিপিপি (১ম সংশোধন) অনুযায়ী এডিপিতে বরাদ্দ ছিলো ৬৩,১৩১.৩২ লক্ষ টাকা। অর্থ ছাড় করা হয় ৬২,১২৭.২৯ লক্ষ টাকা এবং প্রকৃত ব্যয় হয় ৬২,১২৭.২৯ লক্ষ টাকা ।

সারণী ৩.৩ বছর ভিত্তিক আরএডিপি বরাদ্দ ও অর্থব্যয়

অর্থ বছর	মূল/সংশোধিত অনুমোদিত ডিপিপিতে সংস্থান		এডিপিতে বরাদ্দ	আরএডিপিতে বরাদ্দ	অবমুক্তি	ব্যয়
	মূল ডিপিপি অনুযায়ী	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী				
২০১৬-২০১৭	৬,৭৭৬.৬১	২২০০.০০	২,২০০.০০	২,২০০.০০	২,২০০.০০	২,২০০.০০
২০১৭-২০১৮	২৩,৮২৪.৮৭	২০,০০০.০০	২০,০০০.০০	২০,০০০.০০	২০,০০০.০০	২০,০০০.০০
২০১৮-২০১৯	১৭,২১৯.৮০	২২,৫৫৭.২৩	২২,৫৫৭.২৩	২৫,০০০.০০	২৫,০০০.০০	২৫,০০০.০০
২০১৯-২০২০	১১,৫৮৫.১২	১৮,৩৭৪.০৯	১৮,৩৭৪.০৯	১৪,৯২৭.২৯	১৪,৯২৭.২৯	১৪,৯২৭.২৯
মোট	**৫৯,৪০৬.৪০**	**৬৩,১৩১.৩২**	**৬৩,১৩১.৩২**	**৬২,১২৭.২৯**	**৬২,১২৭.২৯**	**৬২,১২৭.২৯**

সূত্রঃ পিসিআর, ২০২০

৩.১.৩ অঙ্গ ভিত্তিক বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি পর্যালোচনা এবং প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের অগ্রগতি

প্রকল্পের প্রধান প্রধান অঙ্গগুলো হলো ভূমি অধিগ্রহণ, সড়ক বাঁধে মাটির কাজ, পেভমেন্ট মজবুতিকরণ, পেভমেন্ট প্রশস্তকরণ, সার্ফেসিং (ডিবিএস বাইন্ডার কোর্স / ওয়ারিং কোর্স), রিজিড পেভমেন্ট নির্মাণ, আরসিসি বক্স কালভার্ট নির্মাণ, পিসি গার্ডার সেতু নির্মাণ, আরসিসি গার্ডার সেতু নির্মাণ, টো-ওয়াল, সিসি ব্লকসহ জিও টেক্সটাইল, আরসিসি প্লেট প্যালাসাইডিং ও ড্রেন নির্মাণ ইত্যাদি। প্রকল্পটি ১ বার সংশোধন করা হয় যার মাধ্যমে ব্যয় ও মেয়াদ বৃদ্ধি করা হয়। ১ম সংশোধিত ডিপিপির সংস্থান ও অর্জনের মাধ্যমে অগ্রগতি পরিমাপ করা হয়। নিম্নে প্রকল্পের অঙ্গ ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি ও অর্থায়নের অবস্থা দেখানো হলো-

সারণী ৩.৪- অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি

সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত ব্যয়			
		বাস্তব	আর্থিক	বাস্তব	বাস্তব %	আর্থিক	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮
(ক)রাজস্ব	-	-	০	-		-	
(ক)উপমোট (রাজস্ব)	-	-	০	-		-	
(খ)মূলধন	-	-	-	-		-	
১. পে লোডার সংগ্রহ (৫ টন)	সংখ্যা	১	১০৪.০	১	১০০.০	১০৪.০	১০০.০
২. মিতিসুবেসি পাজেরো সংগ্রহ	সংখ্যা	১	১০০.০	-	-	-	-
৩. ট্রাক সংগ্রহ (৫ টন)	সংখ্যা	১	৩০.৪৫	১	১০০.০	৩০.৪৫	১০০.০
৪. গ্রেডার সংগ্রহ	কিঃ মিঃ	১	১৭৯.৮	১	১০০.০	১৭৯.৮	১০০.০
৫. ভূমি অধিগ্রহণ	হেক্টর	২.৩১	১,৪৩৭.২১	০.৩৩৯	১৪.৬৮	১,৪২৮.২৪	৯৯.৩৮

সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত ব্যয়			
		বাস্তব	আর্থিক	বাস্তব	বাস্তব %	আর্থিক	আর্থিক (%)
৬. সড়ক বাঁধে মাটির কাজ	লঃ ঘঃ মিঃ	২০.০৯৩	৪,৭৩৫.৮৬	২০.০৯	১০০.০	৪৭৩৫.৮৬	১০০.০
৭.পেভমেন্ট মজবুতিকরণ	কিঃ মিঃ	১৩৭.৮৬	১৩,৪৯০.২১	১৩৭.৫৭	৯৯.৭৯	১৩,৪৯০.২০	১০০.০
৮. পেভমেন্ট প্রশস্তকরণ	কিঃ মিঃ	১১৫.৪৬	৬,১০৭.১২	১১৫.১৭	৯৯.৭৫	৬,১০৭.০০	১০০.০
৯. সারফেসিং (ডিবিএস বাইন্ডার কোর্স/ওয়ারিং কোর্স	কিঃ মিঃ	১৩৭.৮৬	২৩,০১৯.৩৮	১৩৭.৮৬	১০০.০	২২,৩৮৭.৭২	৯৭.২৬
১০. রিজিড পেভমেন্ট নির্মাণ	কিঃ মিঃ	৭.৮৬	৪,৭৪৭.৩৩	৭.৮৬	১০০.০	৪,৭৪৭.৩৩	১০০.০
১১. আরসিসি বক্স কালভার্ট নির্মাণ (২০টি)	মিটার	১২০.৯	১৪২৯.৩২	১১৬.৯	৯৬.৬৯	১,২৯৮.৪০	৯০.৮৪
১২. পিসি গার্ডার সেতু নির্মাণ (৪ টি)	মিটার	১২১.২৩	২২৭১.৮৯	১২১.২৩	১০০.০	২,২৭১.৮৪	১০০.০
১৩. আরসিসি গার্ডার সেতু নির্মাণ (৫ টি)	মিটার	৮৯.৭৫	১,৫২৭.৪৬	৮৯.০৭	৯৯.২৪	১,৫২৭.৪০	১০০.০
১৪. টো ওয়াল	বঃ মিঃ	৩,৪০০	৫৪৬.০৭	৩,৪০০	১০০.০	৫৪০.০৭	৯৮.৯
১৫. সিসি ব্লকসহ জিও টেক্সটাইল	বঃ মিঃ	১৯,০০০	২৮৭.৭৪	১৯,০০০	১০০.০	২৮৭.৭	৯৯.৯৯
১৬. আরসিসি প্লেট প্যালাসাইডিং	মিটার	৩,৬৩৫	২৮৩.৪৬	৩২৬০	৮৯.৬৮	২৫৬.৪	৯০.৪৫
১৭. ড্রেন নির্মাণ	মিটার	২২,৩২৪	১,৩৩৪.০৫	২০,৪২৪	৯১.৪৯	১,২৯৩.৩২	৯৬.৯৫
১৮. সাইন, সিগন্যাল, গাইড পোস্ট ও রোড মার্কিং ইত্যাদি	থোক	-	৩৯৪.২৪	থোক		৩৯৪.২৪	১০০.০
১৯. নির্মাণকালীন রক্ষণাবেক্ষণ	থোক	-	১৯৮.৪	থোক		১৯৮.৪	১০০.০
২০. জেনারেল সাইট ফ্যাসিলিটি	থোক	-	৪৫.৩৮	থোক		৪৫.৩৮	১০০.০
২১. ইউটিলিটি অপসারণ	থোক	-	৮৫১.৯৫	থোক		৭৯৯.৫৩	৯৩.৮৫
উপমোট (খ)	-	-	৬৩,১২১.৩২	-		৬২,১২৩.২৯	৯৮.৪২
(গ) ফিজিকাল কন্টিনজেন্সি (১%)	**-**	**-**	**৫.০**	**-**		**২.০**	**৪০.০**
(ঘ) প্রাইজ কন্টিনজেন্সি (১%)	**-**	**-**	**৫.০**	**-**		**২.০**	**৪০.০**
সর্বমোট (ক+খ+গ+ঘ)	**-**	**-**	**৬৩,১৩১.৩২**	**-**		**৬২,১২৭.২৯**	**৯৮.৪১**

সূত্রঃ পিসিআর, ২০২০

প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের সার্বিক কাজের অগ্রগতি ও লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন পর্যালোচনায় দেখা যায়:

- প্রকল্পের মোট আর্থিক অগ্রগতি ৯৮.৪১% এবং বাস্তব অগ্রগতি ১০০% হয়েছে মর্মে প্রকল্পের সংশ্লিষ্ট প্রতিবেদন পর্যবেক্ষণ করে দেখা যায়। কিছু ক্ষেত্রে বাস্তবতার প্রেক্ষিতে কম নির্মাণের প্রয়োজন হয়। অগ্রগতি পরিমাণগত ও শতকরা হারে দেয়া হয়েছে।

৩.১.৪ ফিজিবিলিটি ষ্ট্যাডি

প্রকল্পটির প্রস্তুতির সময়ে Development Project Proforma (DPP) এর সাথে একটি সংক্ষিপ্ত সম্ভাব্যতা রিপোর্ট দাখিল করা হয়। রিপোর্টে প্রকল্পের আওতায় বাস্তবায়িত রাস্তাসমূহের বিস্তারিত বর্ননা আছে। প্রকল্পের আওতায় ২.৩১ হেক্টর জমি অধিগ্রহনের প্রস্তাব থাকলেও সম্ভাব্যতা যাচাই রিপোর্টে তা উল্লেখ ছিলনা। এছাড়াও রাস্তার ২টি জায়গায় প্রায় ৯০ ডিগ্রী কোণে বাঁক দেখা যায়, যেখানে যানযটের সৃষ্টি হয়, সম্ভাব্যতা যাচাই রিপোর্টে বাঁকসমূহ সোজা করার বিষয়েও সুনির্দিস্ট প্রস্তাব দেয়া হয়নি।

৩.১.৫ ভূমি অধিগ্রহণ

প্রকল্পের প্রধান অঙ্গের মধ্যে অন্যতম হলো ভূমি অধিগ্রহণ।প্রকল্পের আওতায় টঙ্গী-কালিগঞ্জ-ঘোড়াশাল-পাঁচদোনা (আর-৩০১) আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণের জন্য বিভিন্ন মৌজায় অধিগ্রহণের জন্য ৫.৭০৫০ একর বা ২.৩১ হেক্টর ভূমির অনুকূলে ১,৪৩৭.২১ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছিল। যা জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর কর্তৃক সম্ভাব্য প্রাক্কলনের অনুমোদনের ভিত্তিতে ডিপিপিতে সংযুক্ত করা হয়। উল্লেখ্য যে, ডিপিপিতে উক্ত ভূমি অধিগ্রহণের বিষয়টি “স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২” মোতাবেক সম্ভাব্য ব্যয় হিসেব করে সংযুক্ত করা হয়েছিল। কিন্তু ২০১৭ সালে নতুন ভূমি অধিগ্রহণ আইন অনুমোদন হয়, যাতে অধিগ্রহণের ক্ষতিপূরণ প্রদান বৃদ্ধি করা হয়। নতুন অধ্যাদেশ অনুসারে প্রস্তাবিত ইতিপূর্বের ২.৩১ হেক্টর জমির মূল্য নূতন ২০১৭ সনের ভূমি অধিগ্রহন আইন অনুসারে ৫২/৫৩ কোটি টাকা প্রয়োজন বলে জেলা প্রশাসক দপ্তর থেকে জানানো হয়, যা ডিপিপিতে অনুমোদিত টাকার চেয়ে অনেক বেশি।

তাই পরবর্তীতে উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে আলোচনা সাপেক্ষে অনুমোদিত টাকার মধ্যে শুধুমাত্র তুমলিয়া মৌজায় কালিগঞ্জ বাজার বাইপাস হতে টঙ্গীর দিকে ০.৩৩৯ হেক্টর ভূমি ১,৪২৮.২৪ লক্ষ টাকায় অধিগ্রহণ করা হয়। **(সংযুক্তি-৪ এ বিস্তারিত দেয়া আছে)**

৩.১.৬ ব্যয় প্রক্কলন পরিবর্তনের কারণসমূহ

প্রকল্পের মূল ডিপিপি ও ১ম সংশোধিত ডিপিপির ব্যয় প্রক্কলনে কিছু পার্থক্য দেখা যায়। কিছু ক্ষেত্রে ঠিকাদারের উদ্ধৃত নিম্ন দরের কারনে ব্যয় হ্রাস পেয়েছে। আবার কিছু ক্ষেত্রে অতিরিক্ত প্যাকেজের অন্তর্ভূক্তির কারণে অঙ্গের দৈর্ঘ্য বৃদ্ধি পেয়েছে তাই ব্যয় বৃদ্ধি পেয়েছে। নিম্নে মূল ডিপিপি ও ১ম সংশোধিত ডিপিপির ব্যয় প্রক্কলন পরিবর্তনের কারণসমূহ দেয়া হলো-

সারণী ৩.৫- ব্যয় প্রক্কলন পরিবর্তনের কারণসমূহ

কোড	ইকনমিক সাব- কোডের বিবরণ	একক	মূল ডিপিপি অনুমোদিত		১ম সংশোধিত ডিপিপি		মূল ডিপিপি থেকে প্রস্তাবিত ডিপিপিতে পরিবর্তন		পরিবর্তনের কারণ
			পরিমাণ	টাকা	পরিমাণ	টাকা	পরিমাণ	টাকা	
(ক) রাজস্ব									
	উপমোট (ক)								
(খ) মূলধন									
	সম্পদ সংগ্রহ								
৪১১২১০১	পে লোডার সংগ্রহ (৫ টন)	সংখ্যা	১.০০	১১০.০০	১.০০	১০৪.০০	০.০০	-৬.০০	ঠিকাদারের উদ্ধৃত নিম্ন দরের কারনে ব্যয় হ্রাস পেয়েছে।
৪১১২১০১	মিতসুবিসি পাজেরো সংগ্রহ	সংখ্যা	১.০০	১০০.০০	১.০০	১০০.০০	০.০০	০.০০	
৪১১২১০১	ট্রাক সংগ্রহ (৫ টন)	সংখ্যা	১.০০	৪৫.০০	১.০০	৩০.৪৫	০.০০	-১৪.৫৫	ঠিকাদারের উদ্ধৃত নিম্ন দরের কারনে ব্যয় হ্রাস পেয়েছে।
৪১১২১০১	গ্রেডার সংগ্রহ	সংখ্যা	১.০০	১৯০.০০	১.০০	১৭৯.৮০	০.০০	-১০.২০	
	ভূমি ও অন্যান্য সম্পদ সংগ্রহ								
৪১৪১১০১	ভূমি অধিগ্রহণ	হেক্টর	২.৩১	১,৪৩৭.২১	২.৩১	১,৪৩৭.২১	০.০০	০.০০	
	নির্মাণ ও পূর্ত								
৪১১১৩০২	সড়ক বাঁধে মাটির কাজ	ল. ঘ. মি.	২০.৭২	৬,৪০২.৪৫	২০.০৯	৪,৭৩৫.৮৬	-০.৬৩	-১,৬৬৬.৫৯	গাজীপুর সড়ক বিভাগের আওতায় একটি অতিরিক্ত প্যাকেজ অন্তর্ভূক্তি সত্ত্বেও বাস্তবে মাটির পরিমান কমেছে। ঠিকাদারের উদ্ধৃত নিম্ন দরের কারনে ব্যয় হ্রাস পেয়েছে।
৪১১১৩০২	ফ্লেক্সিবল পেভমেন্ট								
৪১১১৩০২	মজবুতীকরণ	কি.মি.	১২১.২৯	১১,৭১৬.১৯	১৩৭.৮৬	১৩,৪৯০.২১	১৬.৫৭	১,৭৭৪.০২	গাজীপুর সড়ক বিভাগের আওতায় একটি অতিরিক্ত প্যাকেজের অন্তর্ভূক্তির কারণে এই অঙ্গের দৈর্ঘ্য বৃদ্ধি পেয়েছে তাই ব্যয় বৃদ্ধি পেয়েছে।

কোড	ইকনমিক সাব- কোডের বিবরণ	একক	মূল ডিপিপি অনুমোদিত		১ম সংশোধিত ডিপিপি		মূল ডিপিপি থেকে প্রস্তাবিত ডিপিপিতে পরিবর্তন		পরিবর্তনের কারণ
			পরিমাণ	টাকা	পরিমাণ	টাকা	পরিমাণ	টাকা	
৪১১১৩০২	প্রশস্থকরণ	কি.মি.	১০০.৩৯	৭,৩৯৮.৯৫	১১৫.৪৬	৬,১০৭.১২	১৫.০৭	-১,২৯১.৮৩	গাজীপুর সড়ক বিভাগের আওতায় একটি অতিরিক্ত প্যাকেজের অন্তর্ভূক্তির কারণে দৈর্ঘ্য বৃদ্ধি পেয়েছে কিন্তু ঠিকাদারের উদ্ধৃত নিম্ন দরের কারনে ব্যয় হ্রাস পেয়েছে।
৪১১১৩০২	সার্ফেসিং (ডিডিবিএস-বাইন্ডার/ ওয়ারিং কোর্স)	কি.মি.	১২৬.৫৩	২০,৩৮৬.৯৭	১৩৭.৯৬	২৩,০১৯.৩৮	১১.৪৩	২,৬৩২.৪১	গাজীপুর সড়ক বিভাগের আওতায় একটি অতিরিক্ত প্যাকেজের অন্তর্ভূক্তির কারণে সার্ফেসিং কাজের দৈর্ঘ্য বৃদ্ধি পেয়েছে তাই ব্যয় বৃদ্ধি পেয়েছে।
৪১১১৩০২	রিজিড পেভমেন্ট নির্মাণ	কি.মি.	৬.৯৪	২,৯০৭.৫০	৭.৮৬	৪,৭৪৭.৩৩	০.৯২	১,৮৩৯.৮৩	গাজীপুর সড়ক বিভাগের আওতায় একটি অতিরিক্ত প্যাকেজের অন্তর্ভূক্তির কারণে রিজিড পেভমেন্টে দৈর্ঘ্য বৃদ্ধি পেয়েছে তাই ব্যয় বৃদ্ধি পেয়েছে।
৪১১১৩০৫	আরসিসি ব্লক কালভাট নির্মাণ (২০টি)	মিঃ	৬৮.০০	৭৫৪.৮০	১২০.৯০	১,৪২৯.৩২	৫২.৯০	৬৭৪.৫২	গাজীপুর সড়ক বিভাগের আওতায় একটি অতিরিক্ত প্যাকেজের অন্তর্ভূক্তির কারণে দৈর্ঘ্য বৃদ্ধি পেয়েছে তাই ব্যয় বৃদ্ধি পেয়েছে।
৪১১১৩০৩	পিসি গার্ডার সেতু নির্মাণ (৪ টি)	মিঃ	৭৫.৮৪	১,৩৮৮.০১	১২১.২৩	২,২৭১.৮৯	৪৫.৩৯	৮৮৩.৮৮	গাজীপুর ও নরসিংদী সড়ক বিভাগের আওতায় দুটি অতিরিক্ত প্যাকেজের অন্তর্ভূক্তির কারণে দৈর্ঘ্য বৃদ্ধি পেয়েছে তাই ব্যয় বৃদ্ধি পেয়েছে।
৪১১১৩০৩	আরসিসি গার্ডার সেতু নির্মাণ (৫ টি)	মিঃ	৬৯.৪০	১,৫১২.৯২	৮৯.৭৫	১৫২৭.৪৬	২০.৩৫	১৪.৫৪	নরসিংদী সড়ক বিভাগের আওতায় একটি অতিরিক্ত প্যাকেজের অন্তর্ভূক্তির কারণে দৈর্ঘ্য বৃদ্ধি পেয়েছে তাই ব্যয় বৃদ্ধি পেয়েছে।
৩৮২১১৯৯	প্রটেকটিভ ওয়ার্ক								
৩৮২১১৯৯	টো ওয়াল	ব. মি.	১,৯০০.০০	৩৪৮.০৬	৩৪০০.০০	৫৪৬.০৭	১,৫০০.০০	১৯৮.০১	অন্যান্য অঙ্গের পরিমাণ বৃদ্ধির কারণে দৈর্ঘ্য বৃদ্ধি পেয়েছে তাই ব্যয় বৃদ্ধি পেয়েছে।
৩৮২১১৯৯	সিসি ব্লকসহ জিও টেকPটা্ইল	ব. মি.	১৯,০০০.০০	৩১৮.৮২	১৯,০০০.০০	২৮৭.৭৪	০.০০	-৩১.০৮	ঠিকাদারের উদ্ধৃত নিম্ন দরের কারনে ব্যয় হ্রাস পেয়েছে।
৩৮২১১৯৯	আরসিসি প্লেট প্যালাসাইডিং	মিঃ	২,৮০৬.০০	২০৮.৫১	৩,৬৩৫.০০	২৮৩.৪৬	৮২৯.০০	৭৪.৯৫	অন্যান্য অঙ্গের পরিমাণ বৃদ্ধির কারণে দৈর্ঘ্য বৃদ্ধি পেয়েছে তাই ব্যয় বৃদ্ধি পেয়েছে।
৪১১১৩০৭	ড্রেন নির্মাণ	মিঃ	১৭,৭৯০.০০	১,৪০৭.৯৩	২২,৩২৪.০০	১,৩৩৪.০৫	৪,৫৩৪.০০	-৭৩.৮৮	গাজীপুর সড়ক বিভাগের আওতায় একটি

কোড	ইকনমিক সাব- কোডের বিবরণ	একক	মূল ডিপিপি অনুমোদিত		১ম সংশোধিত ডিপিপি		মূল ডিপিপি থেকে প্রস্তাবিত ডিপিপিতে পরিবর্তন		পরিবর্তনের কারণ
			পরিমাণ	টাকা	পরিমাণ	টাকা	পরিমাণ	টাকা	
									অতিরিক্ত প্যাকেজের অন্তর্ভূক্তি ও অন্যান্য অঙ্গের কারনে দৈর্ঘ্য বৃদ্ধি পেয়েছে কিন্তু ঠিকাদারের উদ্ধৃত নিম্ন দরের কারনে ব্যয় হ্রাস পেয়েছে।
৪১১১৩০২	সাইন, সিগন্যাল, কি. মি. পোষ্ট ও রোড মার্কিং	থোক		৩৪০.৮৪	০.০০	৩৯৪.২৪		৫৩.৪০	ব্যবহারকারীদের নিরাপত্তা নিশ্চিতকল্পে পরিমাণ বৃদ্ধি পেয়েছে তাই ব্যয় বৃদ্ধি পেয়েছে।
৪১১১৩০২	নির্মাণকালীন রক্ষণাবেক্ষণ	থোক		২০০.০০	০.০০	১৯৮.৪০		-১.৬০	ঠিকাদারের উদ্ধৃত নিম্ন দরের কারনে ব্যয় হ্রাস পেয়েছে।
৪১১১৩০২	জেনারেল সাইট ফ্যাসালিটিস	থোক		৪৬.১৬	০.০০	৪৫.৩৮		-০.৭৮	ঠিকাদারের উদ্ধৃত নিম্ন দরের কারনে ব্যয় হ্রাস পেয়েছে।
৩৮২১১৯৯	ইউটিলিটি অপসারণ	থোক		৭৯৪.১৮	০.০০	৮৫১.৯৫		৫৭.৭৭	অতিরিক্ত দুটি প্যাকেজের অন্তর্ভূক্তির কারণে ব্যয় বৃদ্ধি পেয়েছে।
	উপমোট (খ)								
	মোট (ক+খ)								
(গ) ফিজিক্যাল কন্টিনজেন্সি									
	ফিজিক্যাল কন্টিনজেন্সি			৫৮০.১৫		৫.০০		-৫৭৫.১৫	
(ঘ) প্রাইস কন্টিনজেন্সি									
	প্রাইস কন্টিনজেন্সি			৫৮০.১৫		৫.০০		-৫৭৫.১৫	
	সর্বমোট (ক+খ+গ+ঘ)			৫৯,১৭৪.৮০		৬৩,১৩১.৩২		৩,৯৫৬.৫২	

সূত্রঃ আরডিপিপি, ২০১৯ ও সড়ক ও জনপথ অধিদপ্তর, ২০২৩

৩.২ ক্রয় কার্যক্রম

সংগৃহীত তথ্য- উপাত্ত বিশ্লেষণ করে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনায় প্রতীয়মান হয় যে ক্রয়-প্রক্রিয়া বিশ্লেষণ করে প্রকল্পের আওতায় বিভিন্ন পণ্য ও মালামাল ক্রয় করা হয়েছে। ঠিকাদার নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি ক্রয় আইন ও বিধিমালা অনুসরণ করা হয়েছে। দরপত্র আহবান, কমিঠি গঠন, যাচাই-বাছাই , মূল্যায়ন ও কার্যাদেশ প্রদান পিপিএ-২০০৬ ও পিপিআর ২০০৮ অনুসরণ করে কার্যক্রয় এবং সেবাক্রয় কাজ সংগ্রহ করা হয়েছে। ৩টি প্যাকেজের দ্বারা পণ্য ক্রয় সম্পন্ন করা হয়।

ক্রয় পদ্ধতি ডিপিপি/আরডিপিপিতে বর্ণিত পদ্ধতি অনুসরণ করা হয়েছে। প্রাক্কলিত মুল্য, চুক্তি মুল্য, দরপত্র প্রক্রিয়াকরণ (দরপত্র আহবান, চুক্তি করা) এবং বাস্তবায়ন বিষয়ে পর্যালোচনা বিস্তারিত সারণী ৩.৬ এ দেয়া হয়েছে। নিম্নে বিস্তারিত দেয়া হলো-

৩.২.১ ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা (পণ্য)

সারণী ৩.৬- ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা (পণ্য)

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরণ	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাকল্পিক ব্যয় (লক্ষ টাকা)	ক্রয় পরিকল্পনা সংক্রান্ত তথ্য			মন্তব্য
								দরপত্র আহবান	চুক্তি স্বাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	
জিডি-০১	পে লোডার সংগ্রহ (৫ টন)	সংখ্যা	১	ডিপিএম	MoRTB	জিওবি	১০৪.০০	মার্চ, ২০১৭	এপ্রিল, ২০১৭	সেপ্টেম্বর, ২০১৭	ক্রয় করা হয়
জিডি-০২	মিতসুবিসি পাজেরো সংগ্রহ	সংখ্যা	--	ডিপিএম	MoRTB	জিওবি	১০০.০০	মার্চ, ২০১৭	এপ্রিল, ২০১৭	সেপ্টেম্বর, ২০১৭	ক্রয় করা হয়নি
জিডি-০৩	ট্রাক সংগ্রহ (৫ টন)	সংখ্যা	১	ডিপিএম	MoRTB	জিওবি	৩০.৪৫	মার্চ, ২০১৭	এপ্রিল, ২০১৭	সেপ্টেম্বর, ২০১৭	ক্রয় করা হয়
জিডি-০৪	গ্রেডার সংগ্রহ	সংখ্যা	১	ডিপিএম	MoRTB	জিওবি	১৭৯.৮০	মার্চ, ২০১৭	এপ্রিল, ২০১৭	সেপ্টেম্বর, ২০১৭	ক্রয় করা হয়
	ক্রয়কৃত পণ্যের মোট মূল্য:						৪১৪.২৫				

সূত্রঃ আরডিপিপি, ২০১৯

পর্যালোচনা

- প্রকল্পের আওতায় পে-লোডার (৫টন), ১টি ট্রাক ও ১টি গ্রেডার ক্রয় করা হয়েছে।
- মিতসুবিসি পাজেরো ক্রয় করা হয়নি

৩.২.২ ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা (পূর্ত কাজ)

মূল ডিপিপিতে পূর্ত কাজের ৮ টি প্যাকেজ ছিল। পরবর্তীতে ২ টি প্যাকেজ সংযোজন করে সংশোধিত ডিপিপিতে পূর্ত কাজের ১০ টি প্যাকেজের সংস্থান রাখা হয়। প্রকল্প সংশ্লিষ্ট ক্রয় কার্যক্রমে ক্ষেত্রে ওটিএম পদ্ধতি অনুসরণ করা হয়েছে। নিম্নে পূর্ত কাজের ক্রয় সংক্রান্ত তথ্যাদির পর্যালোচনা দেয়া হলো-

সারণী ৩.৭ ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা (পূর্ত কাজ)

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরণ	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	প্রাকল্পিক ব্যয় (লক্ষ টাকা)	ক্রয় পরিকল্পনা সংক্রান্ত তথ্য					মন্তব্য
							প্রাক যোগ্যতা আহবান (প্রযোজ্য ক্ষেত্রে)	দরপত্র আহবান	চুক্তি স্বাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ	প্রকৃত সময়	
১	২	৩	৪	৫	৬	৮	৯	১০	১১	১২	১৩	১৪
ডাব্লিউপি-০১	মাওনা-শ্রীপুর-গোশিংঙ্গা-হাতিরদিয়া-সম্মানিয়া সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ	কি:মি:	২৭.০০০	ওটিএম	MoRTB	৯,৫৬৭.৮০	প্রযোজ্য নয়	১৭/০৮/২০১৭	১৪/১১/২০১৭	১৩/০৫/২০১৯	১২/১২/২০১৯	বিলম্ব ৭ মাস
ডাব্লিউপি-০২	গফরগাও-বরমি-মাওনা সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ।	কি:মি:	১৯.০০০	ওটিএম	MoRTB	৬,৬৬৩.৫৭	প্রযোজ্য নয়	২০/০৬/২০১৭	০৮/১১/২০১৭	০৭/০৫/২০১৯	২৪/০৪/২০১৯	সঠিক সময়ে হয়েছে
ডাব্লিউপি-০৩	টঙ্গী-কালীগঞ্জ-ঘোড়াশাল-পাচঁদোনা সড়ক (চেঃ ০+০০০ হতে ৯+৬০০)সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ।	কি:মি:	৯.৬০০	ওটিএম	MoRTB	৩,৫২৬.৬৪	প্রযোজ্য নয়	২০/০৬/২০১৭	২৫/১০/২০১৭	১৮/০১/২০১৯	২২/০৫/২০১৯	বিলম্ব ৪ মাস
ডাব্লিউপি-০৪	টঙ্গী-কালীগঞ্জ-ঘোড়াশাল-পাচঁদোনা সড়ক (চেঃ ৯+৬০০ হতে ২৪+৪০০) সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ।	কি:মি:	১৪.৮০০	ওটিএম	MoRTB	৫,৮৪৫.৫৬	প্রযোজ্য নয়	২০/০৬/২০১৭	১০/১২/২০১৭	৩০/০১/২০১৯	০৭/০৮/২০১৯	বিলম্ব ৭ মাস
ডাব্লিউপি-০৫	ভূলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ।	কি:মি:	১৮.০০০	ওটিএম	MoRTB	৭,১৬৭.৫৭	প্রযোজ্য নয়	২০/০৬/২০১৭	০৬/১১/২০১৭	৩০/০৫/২০১৯	৩০/০৫/২০১৯	সঠিক সময়ে হয়েছে
ডাব্লিউপি-০৬	নয়াপুর-আড়াইহাজার-নরসিংদী-রায়পুরা সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ	কি:মি:	১৬.৩০০	ওটিএম	MoRTB	৬১৬৪.৫১	প্রযোজ্য নয়	২০/০৬/২০১৭	০৭/১২/২০১৭	২১/০৬/২০২০	২১/০৬/২০২০	সঠিক সময়ে হয়েছে

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরণ	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	প্রাকল্পিক ব্যয় (লক্ষ টাকা)	ক্রয় পরিকল্পনা সংক্রান্ত তথ্য					মন্তব্য
							প্রাক যোগ্যতা আহবান (প্রযোজ্য ক্ষেত্রে)	দরপত্র আহবান	চুক্তি স্বাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ	প্রকৃত সময়	
১	২	৩	৪	৫	৬	৮	৯	১০	১১	১২	১৩	১৪
	(নারায়ণগঞ্জ অংশ)											
ডাব্লিউপি-০৭	ইটাখোলা-মঠখোলা-কটিয়াদি সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ	কি:মি:	১৬.০০০	ওটিএম	MoRTB	৫৭৯৫.৭১	প্রযোজ্য নয়	২০/০৬/২০১৭	১৪/১১/২০১৭	৩১/০৩/২০২০	৩০/০৩/২০২০	সঠিক সময়ে হয়েছে
ডাব্লিউপি-০৮	নয়াপুর-আড়াইহাজার-নরসিংদী-রায়পুরা সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ (নারায়ণগঞ্জ অংশ)	কি:মি:	১৩.৫০০	ওটিএম	MoRTB	৬৯২৫.৪২	প্রযোজ্য নয়	২৮/০৮/২০১৭	০৭/১২/২০১৭	০৭/০৬/২০১৯	০৫/০৬/২০১৯	সঠিক সময়ে হয়েছে
ডাব্লিউপি-০৯	মাওনা-শ্রীপুর-গোশিংঙ্গা-হাতিরদিয়া-সম্মানিয়া সড়কের চেইঃ ০+৬৫০ হতে ১৩+৫০০ পর্যন্ত এবং চেইঃ ২৫+৮০০ হতে ২৮+০২৫ পর্যন্ত প্রশস্থকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ।	কি:মি:	১৪.০৪০	ওটিএম	MoRTB	৭৫৪৯.৭০	প্রযোজ্য নয়	মে, ২০১৯	জুলাই, ২০১৯	জুন, ২০২০	৩০/০৬/২০২০	সঠিক সময়ে হয়েছে
ডাব্লিউপি-১০	নয়াপুর-আড়াইহাজার-নরসিংদী-রায়পুরা সড়কের ২৩ তম কিলোমিটারে ২৮.৭৮ পিসি গার্ডার সেতু এবং ২য় কিলোমিটারে ২২.৬৮ মিটার আরসিসি গার্ডার সেতু ও ২২ ও ২৭ তম কিলোমিটারে ২ টি বক্স কালভার্ট নির্মাণ কাজ	কি:মি:	৫১.৪৬	ওটিএম	PD	১২১১.৪৩	প্রযোজ্য নয়	মে, ২০১৯	জুলাই, ২০১৯	জুন, ২০২০	২৩/০৬/২০২০	সঠিক সময়ে হয়েছে

সূত্রঃ আরডিপিপি, ২০১৯

প্রকল্প দলিল পর্যবেক্ষণ করে দেখা যায়-

- মূল ডিপিপিতে পূর্ত কাজের ৮ টি প্যাকেজ ছিল। পরবর্তীতে ২ টি প্যাকেজ সংযোজন করে সংশোধিত ডিপিপিতে পূর্ত কাজের ১০ টি প্যাকেজের সংস্থান রাখা হয়।
- প্যাকেজ ডাব্লিউপি-০১ এ মাওনা-শ্রীপুর-গোশিংঙ্গা-হাতিরদিয়া-সম্মানিয়া সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজের সংস্থান রাখা হয়, যার পরিমাণ ছিলো ২৭ কিঃমিঃ। প্রকল্পটি চুক্তি অনুযায়ী ১৪/০৫/২০১৯ এ শেষ হওয়ার কথা থাকলেও ৭ মাস বৃদ্ধি পেয়ে ১২/১২/২০১৯ এ শেষ হয়।
- প্যাকেজ ডাব্লিউপি-০৩ এ টঙ্গী-কালীগঞ্জ-ঘোড়াশাল-পাচঁদোনা সড়ক (চেঃ ০+০০০ হতে ৯+৬০০) সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজের সংস্থান রাখা হয়, যার পরিমাণ ছিলো ৯.৬০ কিঃমিঃ। প্রকল্পটি চুক্তি অনুযায়ী ১৮/০১/২০১৯ এ শেষ হওয়ার কথা থাকলেও ৪ মাস বৃদ্ধি পেয়ে ২২/০৫/২০১৯ এ শেষ হয়।
- প্যাকেজ ডাব্লিউপি-০৪ এ টঙ্গী-কালীগঞ্জ-ঘোড়াশাল-পাচঁদোনা সড়ক (চেঃ ৯+৬০০ হতে ২৪+৪০০) সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজের সংস্থান রাখা হয়, যার পরিমাণ ছিলো ৯.৬০ কিঃমিঃ। প্রকল্পটি চুক্তি অনুযায়ী ৩০/০১/২০১৯ এ শেষ হওয়ার কথা থাকলেও ৭ মাস বৃদ্ধি পেয়ে ০৭/০৮/২০১৯ এ শেষ হয়।
- ১০ টি প্যাকেজের মধ্যে ২,৫,৬,৭,৮,৯ ও ১০ নং পূর্ত প্যাকেজ মূল কার্যাদেশ মেয়াদের মধ্যে সমাপ্ত করা হয়েছে। অবশিষ্ট প্যাকেজের কাজ সমাপ্ত করতে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।

৩.২.৩ টেন্ডার প্রকাশের তথ্য

পিপিআর ২০০৮ অনুযায়ী, প্রতিটি কাজের জন্য পূর্ব-নির্ধারিত সময়ে পত্রিকায় প্রকাশ করতে হবে। আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে টেন্ডার পত্রিকায় প্রকাশ করা হয় কিন্তু সংশ্লিষ্ট ওয়েব সেইটে দেয়ার নির্দেশনা থাকলে ও তা দেয়া হয়নি। নিম্মে প্যাকেজ অনুযায়ী টেন্ডার প্রকাশের তথ্য দেয়া হলো-

সারণী ৩.৮- টেন্ডার প্রকাশের তথ্য

ক্রমিক নং	প্যাকেজ নং	কাজের নাম	প্রকাশনী পত্রিকা/ সিপিটিইউ ওয়েব/বিভাগ ওয়েব এবং প্রকাশের তারিখ	দরপত্র দাখিলের শেষ তারিখ	পিপিআর ২০০৮ অনুযায়ী প্রকাশের ন্যূনতম দিন	প্রকৃত দিন	ফলাফল
১	ডাব্লিউপি-০১	২০১৬-২০১৭ সালে গাজীপুর সড়ক বিভাগের অধীনে মাওনা-শ্রীপুর-গোশিংঙ্গা- কাপাসিয়া-আরাল-হাতিরদিয়া-সম্মানিয়া-মনহরদী (আর-৩১৩) সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ	পত্রিকা –জনকণ্ঠ বিজ্ঞাপনের তারিখ ২৪/০৮/২০১৭ সিপিটিইউ: ১৭/০৮/২০১৭ আরএইচডি ওয়েব: নাই	০৭-০৯-২০১৭	২৮ দিন	১৪ দিন	১৪ দিন কমে
২	ডাব্লিউপি-০২	গাজীপুর সড়ক বিভাগের অধীনে গফরগাও-বরমি-মাওনা সড়ক (আর-৩১৪) প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ।	পত্রিকা –সকালের খবর, আলোর বার্তা বিজ্ঞাপনের তারিখ ০৪/০৭/২০১৭, ৫/০৭/২০১৭ সিপিটিইউ: ২০/০৬/২০১৭ আরএইচডি ওয়েব: নাই	২৭-০৭-২০১৭	২৮ দিন	২৩ দিন	৫ দিন কমে
৩	ডাব্লিউপি-০৩	গাজীপুর সড়ক বিভাগের অধীনে টঙ্গী-কালীগঞ্জ-ঘোড়াশাল-পাচঁদোনা সড়ক (চেইনেজ ০+০০০ হতে ৯+৬০০) সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ।	পত্রিকা –যুগান্তর বিজ্ঞাপনের তারিখ ০৪/০৭/২০১৭, ৫/০৭/২০১৭ সিপিটিইউ: ২০/০৬/২০১৭ আরএইচডি ওয়েব: নাই	২৭-০৭-২০১৯	২৮ দিন	২৩ দিন	৫ দিন কমে
৪	ডাব্লিউপি-০৪	গাজীপুর সড়ক বিভাগের অধীনে টঙ্গী-কালীগঞ্জ-ঘোড়াশাল-পাচঁদোনা সড়ক (চেইনেজ ৯+৬০০ হতে ২৪+৪০০) সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ।	পত্রিকা –প্রতিদিনের সংবাদ বিজ্ঞাপনের তারিখ ০৪/৭/২০১৭ সিপিটিইউ: ২০/০৬/২০১৭ আরএইচডি ওয়েব: নাই	৩১-০৭-২০১৭	২৮ দিন	২৭ দিন	১ দিন কমে

ক্রমিক নং	প্যাকেজ নং	কাজের নাম	প্রকাশনী পত্রিকা/ সিপিটিইউ ওয়েব/বিভাগ ওয়েব এবং প্রকাশের তারিখ	দরপত্র দাখিলের শেষ তারিখ	পিপিআর ২০০৮ অনুযায়ী প্রকাশের ন্যূনতম দিন	প্রকৃত দিন	ফলাফল
৫	ডাব্লিউপি-০৫	ভূলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়ক (আর-২০৩) প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ।	পত্রিকা –যায় যায় দিন বিজ্ঞাপনের তারিখ ২৯/০৮/২০১৭ সিপিটিইউ: ২৩/০৮/২০১৭ আরএইচডি ওয়েব: নাই	২১-০৯-২০১৭	২৮ দিন	২৩ দিন	৫ দিন কমে
৬	ডাব্লিউপি-০৬	নয়াপুর-আড়াইহাজার-নরসিংদী-রায়পুরা সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ (নারায়ণগঞ্জ অংশ)	পত্রিকা –আমাদের অর্থনীতি বিজ্ঞাপনের তারিখ ০৩/০৭/২০১৭, ৪/০৭/২০১৭, ০৫/০৭/২০১৭ সিপিটিইউ: ২০/০৬/২০১৭ আরএইচডি ওয়েব: নাই	২৭-০৭-২০১৭	২৮ দিন	২৩ দিন	৫ দিন কমে
৭	ডাব্লিউপি-০৭	ইটাখোলা-মঠখোলা-কটিয়াদি সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ	পত্রিকা –ভোরের কাগজ বিজ্ঞাপনের তারিখ ০৪/০৭/২০১৭ সিপিটিইউ: ২০/০৬/২০১৭ আরএইচডি ওয়েব: নাই	২৭-০৭-২০১৭	২৮ দিন	২৪ দিন	৪ দিন কমে
৮	ডাব্লিউপি-০৮	নারায়ণগঞ্জ -আড়াইহাজার-নরসিংদী-রায়পুরা সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ	পত্রিকা –সমকাল বিজ্ঞাপনের তারিখ ০৪/০৭/২০১৭ সিপিটিইউ: ২০/০৬/২০১৭ আরএইচডি ওয়েব: নাই	২৭-০৭-২০১৭	২৮ দিন	২৪ দিন	৪ দিন কমে
৯	ডাব্লিউপি-০৯	মাওনা-শ্রীপুর-গোশিংঙ্গা-হাতিরদিয়া-সম্মানিয়া সড়কের প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজ।	পত্রিকা –আমাদের সময় বিজ্ঞাপনের তারিখ ২১/০৫/২০১৯, ২২/০৫/১৯ সিপিটিইউ: ১৯/০৫/২০১৯ আরএইচডি ওয়েব: নাই	১৭-০৬-২০১৯	২৮ দিন	২৭ দিন	১ দিন কমে

ক্রমিক নং	প্যাকেজ নং	কাজের নাম	প্রকাশনী পত্রিকা/ সিপিটিইউ ওয়েব/বিভাগ ওয়েব এবং প্রকাশের তারিখ	দরপত্র দাখিলের শেষ তারিখ	পিপিআর ২০০৮ অনুযায়ী প্রকাশের ন্যূনতম দিন	প্রকৃত দিন	ফলাফল
১০	ডাব্লিউপি-১০	নয়াপুর-আড়াইহাজার-নরসিংদী-রায়পুরা আঞ্চলিক সড়কের ২৮.৭৮ মি. পি. সি গার্ডার ব্রিজ চেইনেজ. ২৩,০০০মি. এবং ২২.৬৮মি. গার্ডার ব্রিজ নির্মাণ।	পত্রিকা –ঢাকা প্রতিদিন বিজ্ঞাপনের তারিখ ২১/০৫/২০১৯, ২২/০৫/২০১৯ সিপিটিইউ: ১৯/০৫/২০১৯ আরএইচডি ওয়েব: নাই	১৭-০৬-২০১৯	২৮ দিন	২৬ দিন	২ দিন কমে

সূত্রঃ সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা জোন।

পর্যালোচনাঃ

- পিপিআর ২০০৮, তফসিল-২, বিধি ৬১(৪) অনুযায়ী ৫ কোটি টাকার উপরের প্রাক্কলিত ব্যায়ের দরপত্রের ক্ষেত্রে ন্যূনতম ২৮ দিনের ব্যবধানে পত্রিকায় প্রকাশের বিধান রয়েছে। যা যথাযথ অনুসরণ করা হয়নি।
- পিপিআর ২০০৮, বিধি ৯৪(৩) অনুসারে টেন্ডার বিজ্ঞপ্তিটি বিভাগের নিজস্ব ওয়েব সাইটে প্রকাশ করার বিধান রয়েছে। যা যথাযথ অনুসরণ করা হয়নি।
- প্রতিটি প্যাকেজ পর্যবেক্ষণ করে দেখা যায় পিপিআর ২০০৮ অনুযায়ী পত্রিকায় প্রকাশের ন্যূনতম সময়ের চেয়ে কম সময় দেয়া হয়েছে।

৩.৩ উদ্দেশ্য অর্জন

প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল সওজ এর ঢাকা জোনের আওতাধীন গাজীপুর, নরসিংদী ও নারায়ণগঞ্জ সড়ক বিভাগের কয়েকটি আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণের মাধ্যমে সড়ক নেটওয়ার্কের মান উন্নয়ন করা। নিম্নে প্রকল্পের উদ্দেশ্য অর্জন পর্যালোচনা দেয়া হলো-

৩.৩.১ প্রকল্পের উদ্দেশ্য অর্জন পর্যালোচনা

সারনী-৩.৯: প্রকল্পের উদ্দেশ্য অর্জন

প্রকল্পের উদ্দেশ্য	প্রকৃত অর্জন
আঞ্চলিক মহাসড়কের যথাযথ মানে উন্নীতকরণ	গুণগত মান পর্যবেক্ষণ করে দেখা যায়, যথাযথ মান উন্নয়ন হয়েছে । তবে দীর্ঘদিন ব্যবহারে কিছু জায়গায় পটহোল ও এইজিং ভেঙ্গে গিয়েছে।
শহরায়ংশের যানজট নিরসনের লক্ষ্যে সড়ক প্রশস্থকরণ	রাস্তা প্রশস্থকরণ হয়েছে, সড়কের ধারণ ক্ষমতা বৃদ্ধি পেয়েছে, ফলে যানজট কমেছে।
বিদ্যমান সরু সড়ক প্রশস্থকরণ	সড়ক প্রশস্থকরণ করা হয়েছে ।
ব্যয় সাশ্রয়ী সড়ক যোগাযোগ প্রতিষ্ঠা করা	নির্ধারিত বাজেটের আওতায় প্রকল্প বাস্তবায়ন হয়েছে ।
রাজধানী ঢাকার সহিত গাজীপুর, নরসিংদী ও নারায়াণগঞ্জ জেলার সহিত সড়ক যোগাযোগ প্রতিষ্ঠা করা	রাজধানী ঢাকার সহিত গাজীপুর, নরসিংদী ও নারায়াণগঞ্জ জেলার ৬টি আঞ্চলিক মহাসড়ক যার মোট দৈর্ঘ্য ১৪৯.২৮ কিলোমিটার যথাযথ মান ও প্রশস্ততায় উন্নতিকরণ করা হয়েছে।
সর্বোপরি উন্নত ও নিরাপদ সড়ক যোগাযোগ প্রতিষ্ঠা করা	সড়কে বিভিন্ন সাইন, সিগন্যাল ব্যবহার করা হয়েছে। এর ফলে নিরাপদ সড়ক যোগাযোগ প্রতিষ্ঠা হয়েছে।

৩.৩.২ লগফ্রেমের আলোকে পর্যালোচনা

সারণী ৩.১০ লগফ্রেমের পর্যালোচনা

	সংক্ষিপ্ত বর্ণনা (N.S.)	বস্তুনিষ্ঠ যাচই নির্দেশক লক্ষ্যমাত্রা	অর্জন
লক্ষ্য	প্রকল্প এলাকার অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন এবং দারিদ্র বিমোচন	• ক্ষুদ্রশিল্প ও কৃষিভিত্তিক শিল্পের সম্প্রসারণ • জিডিপি'র প্রবৃদ্ধি • কর্মসংস্থান ও আয় বৃদ্ধি • আর্থ-সামাজিক সূচক সমূহ উন্নতি	আর্থ-সামাজিক সমীক্ষায় প্রাপ্ত ফলাফলের দেখা যায় যে, প্রকল্প বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকায় নতুন নতুন শিল্পকারখানা গড়ে উঠেছে যার ফলে অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধি পেয়েছে এবং কর্মসংস্থান বৃদ্ধির ফলে দারিদ্রতা হ্রাস পেয়েছে।
উদ্দেশ্য	প্রকল্প এলাকায় নিরাপদ এবং ব্যয় সাশ্রয়ী সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নতি	• ভ্রমণ সময় সাশ্রয় • যাত্রীদের পরিবহন খরচ সাশ্রয় • গাড়ীর পরিচালনা ব্যয় সাশ্রয়	প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প এলাকায় নিরাপদ এবং ব্যয় সাশ্রয়ী সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে পরিলক্ষিত হয় ।
আউটপুট	ভূমি অধিগ্রহণ সড়ক বাঁধ প্রশস্তকরণ সড়ক মজবুতিকরণ সড়ক প্রশস্তকরণ সড়ক সার্ফেসিং	• ২.৩১ হেক্টর ভূমি অধিগ্রহণের কাজ জুন, ২০১৮ এর মধ্যে শেষ হবে	২.৩১ হেক্টর ভূমি অধিগ্রহণ মধ্যে ০.৩৩৯ হেক্টর হয়েছে।

	সংক্ষিপ্ত বর্ণনা (N.S.)	বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক লক্ষ্যমাত্রা	অর্জন
	রিজিড পেভমেন্ট নির্মাণ ব্রিজ ও কালভার্ট নির্মাণ বিবিধ কাজ সম্পন্ন	• ২০.০৯৩৯৩ লক্ষ ঘন মিটার মাটির কাজ জুন, ২০১৯ এর মধ্যে শেষ হবে	২০.০৯৩৯৩ লক্ষ ঘন মিটার মাটির কাজ সম্পন্ন হয়েছে
		• ১৩৭.৮৬ কিলোমিটার সড়ক মজবুতকরণের কাজ ডিসেম্বর, ২০১৯ এর মধ্যে শেষ হবে	১৩৭.৫৭ কিলোমিটার সড়ক মজবুতকরণের কাজ সম্পন্ন হয়েছে
		• ১১৫.৪৬ কিলোমিটার সড়ক প্রশস্তকরণ কাজ ডিসেম্বর, ২০১৯ এর মধ্যে শেষ হবে	১১৫.১৭ কিলোমিটার সড়ক প্রশস্তকরণ কাজ সম্পন্ন হয়েছে
		• ৭.৮৬ কিলোমিটার রিজিড পেভমেন্ট নির্মাণ কাজ ডিসেম্বর, ২০১৯ এর মধ্যে শেষ হবে	৭.৮৬ কিলোমিটার রিজিড পেভমেন্ট নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে
		• সেতু ও ১২০.৯০ মিঃ (২০টি) কালভার্ট নির্মাণ ডিসেম্বর, ২০১৯ এর মধ্যে শেষ হবে	১২০.৯০ মিঃ আরসিসি বক্স কালভার্ট নির্মাণ (২০টি)সম্পন্ন হয়েছে
		• অন্যান্য সমস্ত কাজ ডিসেম্বর, ২০১৯ এর মধ্যে শেষ হবে	সময় বৃদ্ধি পেয়েছে
		• সড়ক বাধঁ নির্মাণে ডিসেম্বর, ২০১৭ এর মধ্যে ৪,৭৩৫.৮৬ লক্ষ টাকা বিনিয়োগ	সড়ক বাধঁ নির্মাণে ৪,৭৩৫.৮৬ লক্ষ টাকা বিনিয়োগ করা হয়েছে
		• সড়ক মজবুতিকরণ এর কাজ ডিসেম্বর ২০১৯ এর মধ্যে ১৩,৪৯০.২১ লক্ষ্য টাকা বিনিয়োগ	সড়ক মজবুতিকরণ এর কাজ ১৩,৪৯০.২১ লক্ষ্য টাকা বিনিয়োগ করা হয়েছে
		• সড়ক প্রশস্থকরণ কাজ ডিসেম্বর, ২০১৯ এর মধ্যে ৬,১০৭.১২ লক্ষ টাকা বিনিয়োগ	সড়ক প্রশস্থকরণ কাজ ৬,১০৭.১২ লক্ষ টাকা বিনিয়োগ করা হয়েছে
		• সড়ক সার্ফেসিংকাজ ডিসেম্বর, ২০১৯ এর মধ্যে ২৩,০১৯.৩৮ লক্ষ টাকা বিনিয়োগ	সড়ক সার্ফেসিংকাজ ২২,৩৮৭.৭২ লক্ষ টাকা বিনিয়োগ করা হয়েছে
		• রিজিড পেভমেন্টের কাজ ডিসেম্বর ২০১৯ এরমধ্যে ৪,৭৪৭.৩৩ লক্ষ টাকা বিনিয়োগ	রিজিড পেভমেন্টের কাজ ৪,৭৪৭.৩৩ লক্ষ টাকা বিনিয়োগ করা হয়েছে

পর্যবেক্ষণ

- প্রকল্পটিতে লক্ষ্য, উদ্দেশ্য, আউটপুট, ইনপুট সমন্বয়ে লগফ্রেম তৈরী করা হয়েছে। প্রকল্পের লক্ষ্য, হিসাবে শুধুমাত্র অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন এবং দারিদ্র্য বিমোচন উল্লেখ আছে এবং প্রকল্পের উদ্দেশ্য হিসাবে শুধুমাত্র নিরাপদ এবং ব্যয় সাশ্রয়ী সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নতি উল্লেখ আছে। নির্দেশক গুলো যথার্থ প্রতিফলিত হয়েছে।
- প্রকল্পের আউটপুট ও ইনপুট একইরূপ। শুধুমাত্র আর্থিক বিনিয়োগ এবং পরিমাণ সমন্বয়ের জন্য অর্থ ও সময়সীমা উল্লেখ আছে। এটি ডিপিপি প্রণয়নের ত্রুটি পরিলক্ষিত হয়।
- বাস্তুনিষ্ট যাচাই নির্দেশক সমূহের মধ্যে কেবল মাত্র ভূমি অধিগ্রহন লক্ষমাত্রার চেয়ে অনেক কম হয়েছে।

৩.৪ প্রকল্প ব্যবস্থাপনা

প্রকল্প ব্যবস্থাপনা একটি প্রকল্পের সফলতার প্রধান উপাদান। ডিপিপি প্রস্তুতির সময় নির্ধারিত ছক অনুসারে প্রকল্প বাস্তবায়নের যাবতীয় বিষয়সমূহ লেখা থাকে। ডিপিপি প্রস্তুতির সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারিবৃন্দ যদি দূরদৃষ্টি সম্পন্ন না হয় তবে দূর্বল অনুমোদিত ডিপিপি অনুসারে প্রকল্পের যাবতীয় কার্যক্রম পরিচালনায় বিভিন্ন ধরনের অসুবিধার সন্মুখীন হয়ে প্রকল্প বাস্তবায়নে বিলম্বসহ প্রকল্পের উদ্দেশ্য অর্জন বাধাগ্রস্থ হয়। প্রকল্পটির মূল ডিপিপি, সংশোধিত ডিপিপি ও প্রকল্পের সমাপ্তির প্রতিবেদনসহ অন্যান্য আনুসাঙ্গিক তথ্যসমূহ পর্যালোচনা ও বিশ্লেষন করে প্রকল্পটির সার্বিক ব্যবস্থাপনার যে সকল ত্রুটি দৃষ্টিগোচর হয়েছে তা নিম্নরুপ-

৩.৪.১ প্রকল্প পরিচালক

প্রকল্প চলাকালীন দুইজন প্রকল্প পরিচালক পূর্ণকালীন সময়েদায়িত্বের সাথে তাদের কাজ সম্পন্ন করেন। অতিরিক্তি প্রধান প্রকোশলী, সওজ ঢাকা জোন, প্রকল্প পরিচালক, ২ জন তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংশ্লিষ্ট জোনের নির্বাহী প্রকৌশলী প্রকল্প ব্যবস্থাপক হিসাবে কাজ করে।

সারণী ৩.১১ প্রকল্পের দায়িত্ব পালনকারী পরিচালকগণের নাম ও দায়িত্বকাল

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ		কর্মকাল	
		পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদান	বদলী
১.	জনাব মো: আবদুস সবুর অতিরিক্তি প্রধান প্রকৌশলী, সওজ ঢাকা জোন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।	পূর্ণকালীন	-	০৫-০৪-২০১৭	৩০-০৬-২০১৯
২.	জনাব মো: সবুজ উদ্দিন খান অতিরিক্তি প্রধান প্রকৌশলী, সওজ ঢাকা জোন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।	পূর্ণকালীন	-	৩০-০৬-২০১৯	৩০-০৬-২০২০

সুত্রঃ পিসিআর, ২০১৯

৩.৪.২. প্রকল্প পরিচালনায় অনুমোদিত কমিটি সমূহের কার্যক্রম

প্রকল্প পরিচালনার অংশ হিসাবে সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান প্রকৌশলীকে চেয়ারপার্সন করে ১১ সদস্য বিশিষ্ট একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয়। কমিটি কত সময় পরপর সভা অনুস্ঠান করবে তা কমিটির কর্মপরিচালনা পদ্ধতিতে লিপিবদ্ধ নেই (রেফারেন্স-মূল ডিপিপি পৃষ্ঠা-১৮)। প্রকল্পটি ২৮.৩.২০১৭ তারিখে একনেক কতৃক অনুমোদিত হয়। প্রকল্পটি ২২.৫.২০১৯ তারিখে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী কতৃক ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়। সংশোধিত ডিপিপিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান প্রকৌশলীকে চেয়ারপার্সন করে ১১ সদস্য বিশিষ্ট একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয় যেখানে প্রতি তিনমাসে একবার কমিটির সভা করার কথা বলা হয়েছে।মূল ডিপিপি'এর অনুমোদিত সময়ের দুই বৎসর পরে সংশোধিত ডিপিপিতে প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা করার সময় নির্ধারিত হয় (রেফারেন্সঃ সংশোধিত ডিপিপি পৃষ্ঠা-৩৪)। মূল প্রকল্পটি প্রকল্প অনুমোদনের বিভিন্ন ধাপ অতিক্রম করে অনুমোদিত বলে এ ধরনের একটি ত্রুটি কারো নজরে আসে নি। এটি প্রকল্প দলিল প্রস্তুতের একটি দূর্বলতা।

৩.৪.৩ প্রকল্পের সংশ্লিষ্ট সভা সম্পর্কিত পর্যবেক্ষণ

সারণী ৩.১২ প্রকল্পের সংশ্লিষ্ট সভা

সভার নাম ও তারিখ	মোট ধার্যকৃত সভার সংখ্যা	অনুষ্ঠিত সভার সংখ্যা	মন্তব্য
স্টিয়ারিং কমিটির সভা	৫	১	নির্ধারিত সংখ্যক সভা হয়নি
Project Implementation Committee (PIC) সভা	১০	১	নির্ধারিত সংখ্যক সভা হয়নি

৩.৪.৪ স্টিয়ারিং কমিটির সভার সুপারিস/সিদ্ধান্ত

গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রসস্থতায় উন্নীতকরণ (ঢাকা জোন) প্রকল্পের উপর স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভা গত ২৯ অগাস্ট, ২০১৮ মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর সভাপতিত্তে অনুষ্ঠিত হয়েছিল। সভার আলোচ্য বিষয় নিম্নরূপ-

সারণী ৩.১৩- স্টিয়ারিং কমিটির সভার সুপারিশ/সিদ্ধান্ত

আলোচ্য বিষয়	সুপারিশ/সিদ্ধান্ত	মন্তব্য
বর্ণিত প্রকল্পের কিছু প্যাকেজের অগ্রগতি তুলনামূলকভাবে কম হওয়ায় এই বিষয়ে সভায় আলোচনা হয় এবং প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়	যে সকল প্যাকেজের অগ্রগতি কম সে সকল প্যাকেজের ঠিকাদারদের গাফিলতি থাকলে তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার সুপারিশ দেন।	সড়ক ও জনপথ অধিদপ্তর সিদ্ধান্ত পালনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করেছে।
প্রকল্পের প্রণয়নকালে যথাযথ পর্যালোচনা পূর্বক বিভিন্ন কাজের পরিমাণ নির্ধারণ হয়নি বিধায় বিভিন্ন কাজের পরিবর্তনের তথাপি ডিপিপি সংশোধনের প্রয়োজন হচ্ছে, ভবিষ্যতে এ বিষয়ে যথাযথ গুরুত্ব প্রদান করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।	এছাড়াও সুপারিশ দেন যেন ভবিষ্যতে প্রকল্প প্রণয়নকালে যথাযথ পর্যালোচনা পূর্বক বিভিন্ন কাজের পরিমাণ নির্ধারণ করা এবং প্রকল্পটি সংশোধনের প্রয়োজন হলে যথাযথ পর্যালোচনা পূর্বক এমনভাবে ব্যয় প্রাক্কলন করতে হবে, যাতে ভবিষ্যতে আর ডিপিপি সংশোধনের প্রয়োজন না হয় ।	সড়ক ও জনপথ অধিদপ্তর সিদ্ধান্ত পালনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করেছে।

৩.৪.৫ প্রকল্পের পিআইসি কমিটির সভা

গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (ঢাকা জোন) প্রকল্পের Project Implementation Committee (PIC) কমিটির পর্যালোচনা সভা ৯ এপ্রিল ২০১৮, প্রধান প্রকৌশলী'র সভা কক্ষ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-তে অনুষ্ঠিত হয়েছিল।

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ), ঢাকা জোন ও প্রকল্প পরিচালক জানান যে, ঢাকা জোনের আওতায় ৬৪২.০০ কি.মি. আঞ্চলিক মহাসড়ক রয়েছে। তার মধ্যে বর্ণিত প্রকল্পের আওতায় ৬ টি সড়কে ১৩৪.২০ কিমি সড়ক যথাযথমানে ও প্রশস্থায় উন্নিত করা হবে। তিনি আরও জানান যে, প্রকল্পের আওতায় ৫ টি আরসিসি সেতু, ২ টি পিসি গার্ডার সেতু এবং ৯ টি বক্স কালভার্ট পুনঃ নির্মাণ করা হয়েছে। প্রকল্পের ৮ টি প্যাকেজ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

সারণী ৩.১৪- প্রকল্পের পিআইসি কমিটির সভার সুপারিস/সিদ্ধান্ত

আলোচ্য বিষয়	সুপারিশ/সিদ্ধান্ত	মন্তব্য
প্যাকেজ নং ডাব্লিউপি-০১: মাওনা-শ্রীপুর-গোশিংঙ্গা-কাপাসিয়া-আরাল-হাতিরদিয়া-সম্মানিয়া-মনহরদী সড়ক (আর-৩১৩)	মাওনা-শ্রীপুর-গোশিংঙ্গা-কাপাসিয়া-আরাল-হাতিরদিয়া-সম্মানিয়া-মনহরদী সড়কের অবশিষ্ট ১৬.৩৫ কিমি সড়ক যথাযথমানে উন্নতিকরনকল্পে একটি আলাদা প্যাকেজে অন্তর্ভুক্ত করে ডিপিপি সংশোধন করার প্রস্তাব করা হয়।	সড়ক ও জনপথ অধিদপ্তর সিদ্ধান্ত পালনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করেছে।
প্যাকেজ নং ডাব্লিউপি-০২: গফরগাও-বরমি-মাওনা সড়ক (আর-৩১৪)	মূল চুক্তি মূল্য ঠিক রেখে সেতু ডিজাইন ইউনিটের মতামত নেয়ার সিদ্ধান্ত হয়	সড়ক ও জনপথ অধিদপ্তর সিদ্ধান্ত পালনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করেছে।
প্যাকেজ নং ডাব্লিউপি-০৩: টঙ্গী-কালীগঞ্জ-ঘোড়াশাল-পাচঁদোনা সড়ক (আর-৩০১) (চেইনেজ ০+০০০ হতে ৯+৬০০)	বাস্তব অবস্থার প্রয়োজনে বিধি মোতাবেক টু- ওয়াল নির্মাণের ব্যবস্থা করা হয়েছে।	সড়ক ও জনপথ অধিদপ্তর সিদ্ধান্ত পালনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করেছে।

আলোচ্য বিষয়	সুপারিশ/সিদ্ধান্ত	মন্তব্য
প্যাকেজ নং ডাব্লিউপি-০৪: টঙ্গী-কালীগঞ্জ-ঘোড়াশাল-পাচঁদোনা সড়ক (আর-৩০১) (চেইনেজ ৯+৬০০ হতে ২৪+৪০০)	বাস্তব অবস্থা প্রয়োজনে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।	সড়ক ও জনপথ অধিদপ্তর সিদ্ধান্ত পালনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করেছে।
প্যাকেজ নং ডাব্লিউপি-০৫: ভূলতা-আড়াইহাজার-বাঞ্চারামপুর সড়ক (আর-২০৩)	ভূলতা-আড়াইহাজার-বাঞ্চারামপুর সড়ক (আর-২০৩) প্যাকেজ মূল্য সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্ত করা হয়েছে।	সড়ক ও জনপথ অধিদপ্তর সিদ্ধান্ত পালনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করেছে।
প্যাকেজ নং ডাব্লিউপি-০৬: নয়াপুর-আড়াইহাজার-নরসিংদী-রায়পুরা সড়ক (আর-১১৪)	বর্ণিত সড়কের ৭ কিমি প্রস্তাবিত কালভার্টটি একই প্যাকেজের আওতায় সম্পাদনের প্রস্তাব করা হয়। উক্ত মহাসড়কের ২য় কিমি এ ডিজাইন ইউনিটের মতামত অনুসারে কালভার্টের পরিবর্তে সেতু নির্মাণ করার প্রস্তাব করা হয়।	সড়ক ও জনপথ অধিদপ্তর সিদ্ধান্ত পালনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করেছে।
প্যাকেজ নং ডাব্লিউপি-০৭: ইটাখোলা-মঠখোলা-কটিয়াদি সড়ক (আর-২১১)	উক্ত সড়কের ২ টি ইন্টারসেকশন (শিবপুর ও হাতিরদিয়া) এবং দুটি বাজার অংশ (ইটাখোলা ও সিএন্ডবি বাজার) সড়কের প্রস্থতা অনেক বেশি বলে সারফেস এরিয়া বৃদ্ধি এবং উক্ত অংশের পানি অপসারণে আর সিসি ইউ ড্রেন নির্মাণ করা হয়।	সড়ক ও জনপথ অধিদপ্তর সিদ্ধান্ত পালনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করেছে।
প্যাকেজ নং ডাব্লিউপি-০৮: নারায়ণগঞ্জ -আড়াইহাজার-নরসিংদী-রায়পুরা সড়ক (আর-১১৪)	বর্ণিত মহাসড়কের (আর-১১৪) সোল্ডারে প্রায় ১৮০০ গাছ সড়ক প্রশস্থকরণের জন্য Uprooting করার সময় রাস্তার সোল্ডারসহ মূল পেভমেন্টের কিছু অংশ ক্ষতিগ্রস্থ হয়েছে যা মজবুতিকরণ ব্যয় ভেরিয়েশনে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করা হয়। সড়কটির ২৩ তম কিমি এ ১টি সেতু ও ২টি কালভার্ট এবং একই সড়কের ডাব্লিউপি-০৬ নং প্যাকেজে বর্ণিত ২য় কিমি এর কালভার্টের স্থলে ১ টি সেতু নির্মাণের নিমিত্তে আলাদা একটি প্যাকেজ সংশোধিত ডিপিপি'তে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করা হয়।	সড়ক ও জনপথ অধিদপ্তর সিদ্ধান্ত পালনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করেছে।
অতিরিক্ত রিজিড পেভমেণ্ট নির্মাণ	প্রস্তাবিত রিজিড পেভমেন্ট কারিগরি এবং আর্থিক দিক পরীক্ষা-নিরীক্ষা করে সংশ্লিষ্ট প্যাকেজের আওতায় নতুন প্যাকেজের মাধ্যমে সম্পাদনের নিমিত্তে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।	সড়ক ও জনপথ অধিদপ্তর সিদ্ধান্ত পালনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করেছে।
অতিরিক্ত সদস্য অন্তভুক্তিকরন	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সওজ), সড়ক সার্কেল, ঢাকা ও নারায়নগঞ্জ-কে অন্তর্ভুক্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সড়ক ও জনপথ অধিদপ্তর সিদ্ধান্ত পালনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করেছে।

পর্যবেক্ষণ

প্রকল্প বাস্তবায়নের ব্যাপারে স্টিয়ারিং কমিটি ও প্রকল্প বাস্তবায়ন কমিটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কমিটি। প্রকল্পের মেয়াদকাল অনুসারে, মোট ৫টি স্টিয়ারিং কমিটির সভা ও ১০টি Project Implementation Committee (PIC) সভা হওয়ার কথা থাকলেও ১টি স্টিয়ারিং কমিটির সভা ও ১টি Project Implementation Committee (PIC) সভা অনুষ্ঠিত হয়েছে। যা প্রকল্প সম্পন্নের একটি দুর্বল দিক বলা যায়।

৩.৪.৬ পর্যবেক্ষণ এবং নিরীক্ষণ

প্রকল্প চলাকালীন সময়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ,আইএমইডি ও সড়ক ও জনপথ অধিদপ্তরের নিম্নলিখিত কর্মকর্তাগন সরজমিনে সাইটি পরিদর্শন করেন।প্রকল্প সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী তাদের দায়িত্ব হিসাবে নিয়মিত পরিদর্শন করেছেন যা নথি পর্যবেক্ষণ করে দেখা যায়। সরজমিনে পরিদর্শনের তারিখ নিম্নে দেয়া হল-

সারণী ৩.১৫- সরজমিনে পরিদর্শনের তারিখ

সংশ্লিষ্ট দপ্তর/ কর্মকর্তা	পরিদর্শনের তারিখ
সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ	
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর	১৮/০৮/১৭ এবং ২১/০১/১৮
উপ -সচিব, মন্ত্রণালয়ের মনিটরিং টিমের সদস্য	১০/১০/১৭ এবং ৩১/০১/১৮
সুপারেন্টেন্ড প্রকৌশলী, ব্রিজ ও ডিজাইন সার্কেল	১৩/০৭/১৭
বৈদ্যুতিক প্রকৌশলী, ব্রিজ ও ডিজাইন বিভাগ	১৩/০৭/১৭
আইএমইডি	
পরিচালক, আইএমইডি	১৭/১০/১৭
উপ পরিচালক, আইএমইডি	

সূত্রঃপিসিআর, ২০২০।

৩.৪.৬.১ অডিট

২০১৮-১৯ অর্থবছরে অভ্যন্তরীণ নিরীক্ষা (Internal Audit) ও (External Audit) হয়। কোন অডিট আপত্তি পাওয়া যায়নি। পরবর্তীতে আর কোন অডিট হয়েছে কিনা সে বিষয়ে তথ্য পাওয়া যায়নি।

৩.৫ প্রভাব মূল্যায়ন

প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল ঢাকা জোনের আওতাধীন গাজীপুর, নরসিংদী ও নারায়ণগঞ্জ সড়ক বিভাগের কয়েকটি আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণের মাধ্যমে সড়ক নেটওয়ার্কের মান উন্নয়ন করা। প্রকল্প বাস্তবায়নের ফলে রাস্তার প্রশস্ততা বৃদ্ধি পেয়েছে, সড়ক মজবুত হয়েছে, সামান্য কিছু অংশ বাঁক সোজা করা হয়েছে, যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে ইত্যাদি। সরজমিনে পর্যবেক্ষণ, জরিপ ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সাথে কথা বলে রাস্তার পূর্ববর্তী ও বর্তমান অবস্থা জানা যায়, যা নিম্নরূপ-

সারণী ৩.১৬- রাস্তার বর্তমান ও পূর্ববর্তী অবস্থা

রাস্তার নাম	পূর্ববর্তী অবস্থা	বর্তমান অবস্থা
নয়াপুর-আড়াইহাজার-নরসিংদী-রায়পুরা আঞ্চলিক মহাসড়ক	• আঞ্চলিক মহাসড়কটি বেশিরভাগ অংশের প্রশস্থতা ৫.৫০ মিটার ছিল। • যানজট বেশি হতো। • বিভিন্ন স্থানে বড় ধরনের ডিপ্রেশনস, আন্ডোলেশনসহ পেভমেন্ট মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত ছিল।	• এই রাস্তাটি আঞ্চলিক যোগাযোগের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তাই যোগাযোগ ব্যবস্থা উন্নত করার লক্ষ্যে প্রশস্থতা ৭.৩০ মিটার করা হয়। • এছাড়াও রাস্তা মজবুতিকরণ ও সার্ফেসিং কাজ করা হয়েছে।

রাস্তার নাম	পূর্ববর্তী অবস্থা	বর্তমান অবস্থা
	• প্রস্থ কম হওয়ায় প্রায়ই বিপরীতমুখী ট্রাফিকগুলো দুর্ঘটনা কবলিত হত।	• রাস্তার যানযট কমেছে। • যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে।
ভূলতা-আড়াইহাজার-বাঞ্চারামপুর-নবীনগর-শিবপুর-রাধিকা সড়ক	• আঞ্চলিক মহাসড়কটি বেশিরভাগ অংশের প্রশস্থতা ৩.৭০ মিটার ছিল। • রাস্তার বিভিন্ন অংশ ভাঙ্গা ছিল।	• যোগাযোগ ব্যবস্থা উন্নত করার লক্ষ্যে প্রশস্থতা ৫.৫০ মিটার করা হয়। • এছাড়াও রাস্তা মজবুতিকরণ ও সার্ফেসিং কাজ করা হয়েছে। • রাস্তার যানযট কমেছে। • যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে।
ইটখোলা-মঠখোলা-কটিয়াদি সড়ক	• আঞ্চলিক মহাসড়কটি বেশিরভাগ অংশের প্রশস্থতা ৫.৫০ মিটার ছিল। • রাস্তার বিভিন্ন অংশ ভাঙ্গা ছিল। • যানজট বেশি হতো।	• এই রাস্তাটি আঞ্চলিক যোগাযোগের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তাই যোগাযোগ ব্যবস্থা উন্নত করার লক্ষ্যে প্রশস্থতা ৭.৩০ মিটার করা হয়। • এছাড়াও রাস্তা মজবুতিকরণ ও সার্ফেসিং কাজ করা হয়েছে। • রাস্তার যানযট কমেছে। • যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে।
গফরগাও-বরমী-মাওনা আঞ্চলিক মহাসড়ক	• আঞ্চলিক মহাসড়কটি বেশিরভাগ অংশের প্রশস্থতা ৩.৭০ মিটার ছিল। • রাস্তার বিভিন্ন অংশ ভাঙ্গা ছিল।	• যোগাযোগ ব্যবস্থা উন্নত করার লক্ষ্যে প্রশস্থতা ৫.৫০ মিটার করা হয়। • এছাড়াও রাস্তা মজবুতিকরণ ও সার্ফেসিং কাজ করা হয়েছে। • রাস্তার যানযট কমেছে। • যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে।
মাওনা-শ্রীপুর-কাপাসিয়া-আড়াল-সন্মানিয়া-হাতিরদিয়া-মরনাহরদি আঞ্চলিক মহাসড়ক	• আঞ্চলিক মহাসড়কটি বেশিরভাগ অংশের প্রশস্থতা ৩.৭০ মিটার ছিল। • রাস্তার বিভিন্ন অংশ ভাঙ্গা ছিল।	• যোগাযোগ ব্যবস্থা উন্নত করার লক্ষ্যে প্রশস্থতা ৫.৫০ মিটার করা হয়। • এছাড়াও রাস্তা মজবুতিকরণ ও সার্ফেসিং কাজ করা হয়েছে। • রাস্তার যানযট কমেছে। • যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে।
টঙ্গী-কালীগঞ্জ-ঘোড়াশাল-পাচঁদোনা আঞ্চলিক মহাসড়ক	• আঞ্চলিক মহাসড়কটি বেশিরভাগ অংশের প্রশস্থতা ৫.৫০ মিটার ছিল। • রাস্তার বিভিন্ন অংশ ভাঙ্গা ছিল। • যানজট বেশি হতো।	• এই রাস্তাটি আঞ্চলিক যোগাযোগের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তাই যোগাযোগ ব্যবস্থা উন্নত করার লক্ষ্যে প্রশস্থতা ৭.৩০ মিটার করা হয়। • এছাড়াও রাস্তা মজবুতিকরণ ও সার্ফেসিং কাজ করা হয়েছে। • রাস্তার যানযট কমেছে। • যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে।

৩.৫.১ প্রকল্পের ইমপেক্ট বা প্রভাব অর্জন বিশ্লেষণ

সারণী ৩.১৭- প্রকল্পের ইমপেক্ট বা প্রভাব অর্জন বিশ্লেষণ

কোড	অঙ্গের নাম	কাজ	একক	আউটপুট	আউটকাম			প্রভাব
				পরিমাণ	১	২	৩	৪
৪১৪১১০১	ভুমি অধিগ্রহণ	ভুমি অধিগ্রহণ করা	হেক্টর	০.৩৩৯	প্রশস্ততা বৃদ্ধি পেয়েছে	বাঁক সোজা করা হয়েছে	সামান্য কিছু অংশ বাঁক সোজা করা হয়েছে	জমির ক্ষতিপূরণ টাকা প্রদান করা হয়েছে
৪১১১৩০২	সড়ক বাঁধে মাটির কাজ	সড়ক বাঁধে মাটির কাজ করা	ল.ঘ. মি	২০.০৯৩৯৩	প্রশস্ততা বৃদ্ধি পেয়েছে	বাঁক সোজা করা হয়েছে	সড়ক মজবুত হয়েছে	সময় সাশ্রয় হয়েছে
৪১১১৩০২	ফ্লেক্সিবল পেভমেন্ট	মজবুতিকরণ করা	কি. মি	১৩৭.৮৬	রাস্তার ভার বহন ক্ষমতা বৃদ্ধি পেয়েছে	রাস্তা টেকসই করা হয়েছে	দীর্ঘ স্থায়ীত্ব হয়েছে	যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে
		প্রশস্থকরণ করা	কি. মি	১১৫.৪৬	রাস্তার প্রশস্ততা বৃদ্ধি পেয়েছে	রাস্তার প্রশস্ততা বৃদ্ধি পেয়েছে	রাস্তার প্রশস্ততা বৃদ্ধি পেয়েছে	
৪১১১৩০২	সার্ফেসিং (ডিবিএস বাইন্ডার কোর্স / ওয়ারিং কোর্স)	সার্ফেসিং করা	কি. মি	১৩৭.৯৬	রাস্তা সমতল হয়েছে	পানি প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পেয়েছে	সড়ক মজবুত হয়েছে	যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে
৪১১১৩০২	রিজিড পেভমেন্ট নির্মাণ	রিজিড পেভমেন্ট নির্মাণ করা	কি. মি	৭.৮৬	পানির ক্ষতিরোধ হয়েছে	রক্ষনাবেক্ষন খরচ কমেছে	সড়ক মজবুত হয়েছে	যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে
৪১১১৩০৫	আরসিসি বক্স কালভার্ট নির্মাণ (২০টি)	আরসিসি বক্স কালভার্ট নির্মাণ (২০টি) করা	মিটার	১২০.৯০	পানির প্রবাহ চলমান রয়েছে	পানির প্রবাহ চলমান রয়েছে	পানির প্রবাহ চলমান রয়েছে	
৪১১১৩০৩	পিসি গার্ডার সেতু নির্মাণ (৪টি)	পিসি গার্ডার সেতু নির্মাণ (৪টি) করা	মিটার	১২১.৩৩	স্প্যান বৃদ্ধি হয়েছে	গার্ডারের পূরুত্ব কমানো হয়েছে	লোকাল নৌ-চলাচল যথাযথ রয়েছে	
৪১১১৩০৩	আরসিসি গার্ডার সেতু নির্মাণ (৫টি)	আরসিসি গার্ডার সেতু নির্মাণ (৫টি) করা	মিটার	৮৯.৭৫	স্প্যান হ্রাস পেয়েছে	খরচ হ্রাস পেয়েছে	লোকাল নৌ- চলাচল যথাযথ রয়েছে	

৩.৫.২ আর্থিক বিশ্লেষণ (NPV, IRR and BCR)

৩.৫.২.১ আর্থিক বিশ্লেষণ সংজ্ঞা

আর্থিক বিশ্লেষণ প্রতিষ্ঠানের দৃষ্টিকোণ থেকে প্রকল্পের আয়-ব্যয় বিশ্লেষণ অন্তর্ভুক্ত করা হয়। আর্থিক বিশ্লেষণের জন্য পূন্য থেকে সরাসরি লাভ এবং প্রকল্পের ইনপুট খরচ করা প্রয়োজন। আর্থিক বিশ্লেষণ গণনা করার জন্য প্রকল্প এবং আউটপুট এর স্থায়ীত্তকাল বিবেচনা করা হয়। নির্ধারিত প্রকল্পের আয়-ব্যয় নিম্নরূপ:

আর্থিক বিশ্লেষণের জন্য বিনিয়োগ খরচ

নির্মাণ প্রকল্পের জন্য মোট বিনিয়োগ টাকা ৬২১২৭.২৯ লাখ। বিনিয়োগ খরচের মধ্যে রয়েছে ভূমি অধিগ্রহণ, সড়ক বাঁধে মাটির কাজ, পেভমেন্ট মজবুতিকরণ, পেভমেন্ট প্রশস্তকরণ, সার্ফেসিং (ডিবিএস বাইন্ডার কোর্স / ওয়ারিং কোর্স), রিজিড পেভমেন্ট নির্মাণ, আরসিসি বক্স কালভার্ট নির্মাণ, পিসি গার্ডার সেতু নির্মাণ, আরসিসি গার্ডার সেতু নির্মাণ, টো-ওয়াল, সিসি ব্লকসহ জিও টেক্সটাইল, আরসিসি প্লেট প্যালাসাইডিং ও ড্রেন নির্মাণ ইত্যাদি। ইত্যাদি।

সারণি-৩.১৮: আর্থিক বিশ্লেষণের জন্য প্রকল্পের বিনিয়োগ খরচ

বছর	বিনিয়োগ খরচ
২০১৬-১৭	২২০০
২০১৭-১৮	২০০০০
২০১৮-১৯	২৫০০০
২০১৯-২০	১৪৯২৭.২৯
মোট	৬২১২৭.২৯

আর্থিক বিশ্লেষণের জন্য অপারেটিং খরচ

আউটপুট পরিচালনার জন্য পুনরাবৃত্ত ব্যয়ের ভিত্তিতে প্রকল্পের পরিচালন ব্যয় প্রাক্কলন করা হয়। যেহেতু এই মুহূর্তে পুনরাবৃত্ত খরচ গণনা করা কঠিন, অপারেটিং খরচ মোট প্রকল্প ব্যয়ের ১% ধরে অনুমান করা হয়েছে। সে হিসেবে বিবেচনায় তা দাঁড়ায় ৬২১২৭.২৯ লাখ টাকা ।

সরাসরি সুবিধা

টিকিট থেকে আয়- যেহেতু প্রকল্প বাস্তবায়নের ফলে সরাসরি সুবিধা নেই, আর্থিক বিশ্লেষণ করার প্রয়োজন নেই।

৩.৫.২.২ অর্থনৈতিক বিশ্লেষণ

অর্থনৈতিক বিশ্লেষণ সামাজিক দৃষ্টিকোণ থেকে প্রকল্পের আয়-ব্যয় বিশ্লেষণ বিশ্লেষণ অন্তর্ভুক্ত করা হয় । অর্থনৈতিক বিশ্লেষণের জন্য প্রকল্প থেকে প্রত্যক্ষ ও পরোক্ষ সুবিধা প্রয়োজন হয় । অর্থনৈতিক বিশ্লেষণ গণনা করার জন্য প্রকল্প এবং আউটপুটের স্থায়িত্তকাল বিবেচনা করা হয়। প্রকল্পের আয়-ব্যয় নিম্নরূপ:

অর্থনৈতিক বিশ্লেষণের জন্য বিনিয়োগ খরচ

নির্মাণ প্রকল্পের জন্য মোট বিনিয়োগ ৬২১২৭.২৯ লাখ টাকা । বিনিয়োগ খরচের মধ্যে রয়েছে ভূমি অধিগ্রহণ, সড়ক বাঁধে মাটির কাজ, পেভমেন্ট মজবুতিকরণ, পেভমেন্ট প্রশস্তকরণ, সার্ফেসিং (ডিবিএস বাইন্ডার কোর্স / ওয়ারিং কোর্স), রিজিড পেভমেন্ট নির্মাণ, আরসিসি বক্স কালভার্ট নির্মাণ, পিসি গার্ডার সেতু নির্মাণ, আরসিসি গার্ডার সেতু নির্মাণ, টো-ওয়াল, সিসি ব্লকসহ জিও টেক্সটাইল, আরসিসি প্লেট প্যালাসাইডিং ও ড্রেন নির্মাণ ইত্যাদি।

সারণি ৩.১৯: অর্থনৈতিক বিশ্লেষণের জন্য প্রকল্পের বিনিয়োগ খরচ

বছর	বিনিয়োগ খরচ (লক্ষ টাকা)
২০১৬-১৭	২২০০
২০১৭-১৮	২০০০০
২০১৮-১৯	২৫০০০
২০১৯-২০	১৪৯২৭.২৯
মোট	৬২১২৭.২৯

অর্থনৈতিক বিশ্লেষণের জন্য অপারেটিং খরচ

আউটপুট পরিচালনার জন্য পুনরাবৃত্ত ব্যয়ের ভিত্তিতে প্রকল্পের পরিচালন ব্যয় অনুমান করা হয়। যেহেতু এই মুহূর্তে পুনরাবৃত্ত খরচ গণনা করা কঠিন, অপারেটিং খরচ মোট প্রকল্প ব্যয়ের ১% ধরে অনুমান করা হয়েছে। সে হিসেবে বিবেচনায় তা দাঁড়ায় ৬২১২৭.২৯ লাখ টাকা ।

সরাসরি সুবিধা

প্রত্যক্ষ আয় নেই।

বিকল্প যানবাহনের খরচ সুযোগ

টোল থেকে সুযোগ ব্যয় এখানে ধরা হয়, যদি দিনে গড়ে ২০০০০ গাড়ি চলাচল করবে। যদি প্রতি গাড়ী থেকে ১৫০ টাকা টোল আদায় করা হয় তবে দিনে আয় হয় ৩০০০০০০ টাকা। বছরে আয় হবে ১০৯৫০ লক্ষ টাকা।

সারণী ৩.২০- যানবাহনের সুযোগ ব্যয়-টোল

বিবরণ	একক	পরিমাণ
প্রতিদিন যানবাহনের সমান চলাচলের সংখ্যা	সংখ্যা	২০০০০
যানবাহন প্রতি গড় টোল	টাকা	১৫০
প্রতিদিন মোট	টাকা	৩০০০০০০
বছরে মোট আয়	লাখ টাকা	১০৯৫০

সময় সাশ্রয় থেকে আয়

প্রতিদিন গাড়ির সংখ্যা ২০০০০ ধরে যদি বিশ্লেষণ করা হয়, দেখা যায়, রাস্তা মেরামতের পূর্বে গাড়ি যেয়ে সময় লাগতো ০.৮ মিনিট, বর্তমান গাড়ি যেয়ে সময় লাগে ০.৫ মিনিট। প্রতি কিলোমিটারে সময়ের পার্থক্য ০.৩ মিনিট। প্রতিদিন সময় সাশ্রয় হয় ১৪৫৬২০০.০০ মিনিট।

সারণী ৩.২১- সময় সাশ্রয় থেকে আয়

বিবরণ	একক	পরিমাণ
প্রতিদিন গাড়ির সংখ্যা (car Equivalent)	সংখ্যা	২০০০০
রাস্তা মেরামতের পূর্বে গাড়ি যেয়ে সময় লাগতো	মিনিট	০.৮
বর্তমান গাড়ি যেয়ে সময় লাগে	মিনিট	০.৫
প্রতি কিলোমিটারে সময়ের পার্থক্য	মিনিট	০.৩
প্রকল্পের মোট রাস্তার দৈর্ঘ্য	কিলোমিটার	২৪২.৭০

বিবরণ	একক	পরিমাণ
প্রতি দিন গাড়ি প্রতি সময় সাশ্রয়	মিনিট	৭২.৮১
প্রতিদিন সময় সাশ্রয়	মিনিট	১৪৫৬২০০.০০
প্রতি বছর সময় সাশ্রয়	দিন	১১০৭৩১৯
মজুরি হার	টাকা	৫০০
বছরে আয়	**লাখ টাকা**	৫৫৩৭

অর্থনৈতিক বিশ্লেষণ ফলাফল

অর্থনৈতিক বিশ্লেষণে নিয়োজিত সম্পদের সুযোগ ব্যয় বিবেচনা করা হয় এবং সম্প্রদায় বা অর্থনীতিতে একটি প্রকল্পের সামাজিক ব্যয় এবং সুবিধাগুলিকে আর্থিক টাকা পরিমাপ করার চেষ্টা করা হয়।

উপলব্ধি তথ্যের ভিত্তিতে অর্থনৈতিক বিশ্লেষণ করা হয়েছিল। (NPV) নেট বর্তমান মূল্য হিসাবে পাওয়া গেছে ৯৭৭৩০.২০ লক্ষ টাকা, বেনিফিট-কস্ট অনুপাত ৩.২১ এবং অভ্যন্তরীণ রিটার্ন ২৫.৩৩ প্রকল্পটি লাভজনক কারণ NPV পজিটিভ ছিল, BCR ছিল ১ এর বেশি এবং IRR ১২% এর বেশি। উপরোক্ত বক্তব্য থেকে বলা যায় যে প্রকল্পটি অর্থনৈতিকভাবে লাভজনক। (সংযুক্তি-০৫ এ বিস্তারিত দেয়া হয়েছে)।

সারণি ৩.২২: অর্থনৈতিক বিশ্লেষণ

ক্রমিক নং	বিবরণ	একক	ফলাফল
০১	Net Present Value (NPV) at 12% discount rate	লাখ	৯৭৭৩০.২০
০২	Benefit-Cost Ratio (BCR) at 12% discount rate	অনুপাত	৩.২১
০৩	Internal Rate of Return (IRR)	%	২৫.৩৩

সূত্রঃ মাঠ জরীপ ২০২৩ ও Gittinger Formula, ১৯৮২

ডিপিপি/আরডিপিপি এর ফলাফল সাথে তুলনা

সারণী ৩.২৩- ডিপিপি/আরডিপিপি এর ফলাফলের সাথে তুলনা – অর্থনৈতিক বিশ্লেষণ

ক্রমিক নং	বিবরণ	একক	মুল ডিপিপি	১ম সংশোধিত	২য় সংশোধিত	জরীপ
০১	Net Present Value (NPV) at 12% discount rate	লাখ	১৪৫০৫.০৩	১১৩৮৪.৯৩	১৩০৯৬.৩৮	২৩৬৩৮.৮৯
০২	Benefit-Cost Ratio (BCR) at 12% discount rate	অনুপাত	১.০৮	১.০৮	১.১০	২.০১
০৩	Internal Rate of Return (IRR)	%	২১.৩৮	২১.০৭	২০.৯১	২২.৫৭

সূত্রঃ মাঠ জরীপ ২০২৩ ও Gittinger Formula, ১৯৮২

৩.৬ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ

৩.৬.১ অবকাঠামো

সওজ এর ঢাকা জোনের অধীন গাজীপুর, নরসিংদী ও নারায়ণগঞ্জ সড়ক বিভাগের গুরুত্বপূর্ণ আঞ্চলিক সড়কসমূহ যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণের নিমিত্ত মূল প্রকল্পটি অনুমোদিত হয়। প্রকল্প বাস্তবায়নের জন্য ০.৩৩৯ হেক্টর ভূমি অধিগ্রহণ করা হয়েছে

এবং এ বাবদ ১৪২৮.২৪ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। সড়কটির প্রশস্তকরণে ২০.০৯ ল: ঘ:মি: মাটি কাজ বাবদ ৪৭৩৫.৮৬ লক্ষ টাকা খরচ হয়েছে। রিপোর্ট পর্যবেক্ষণ করে এবং সরজমিনে পরিদর্শনকালে মূল পেভমেন্টের দুইপাশে সফটসোল্ডারের কিছু কিছু স্থানে রেইনকোটে ক্ষতিগ্রস্ত দেখা যায়। এছাড়া মূল পেভমেন্টের তুলনায় দুই পাশে মাটির বাধঁ (Soft Sholder) কিছুটা নিচু হয়েছে দেখা যায়। পুরো সড়ক পরীক্ষা নিরীক্ষা করে ক্ষতিগ্রস্ত সফট সোল্ডার মেরামত করা প্রয়োজন।পরিদর্শনকালে পেভমেন্ট বাহ্যিক দৃষ্টিতে ভাল দেখা যায়। তবে কয়েকটি স্থানে রেইনকাটে সফট সোল্ডার ক্ষতিগ্রস্ত হয়ে মূল পেভমেন্টের উপর ক্র্যাক/পটহোল সৃষ্টি হয়েছে। এছাড়া কয়েকটি জায়গায় পেভমেন্টে এইজিং ভেঙ্গে গেছে দেখা যায়। পুরো সড়কের পেভমেন্ট পরীক্ষা -নিরীক্ষাপূর্বক পেভমেন্টে সৃষ্ট ক্র্যাক/পটহোল, ভেঙ্গে যাওয়া এইজিং/কোনা মেরামত /সংশোধন করা প্রয়োজন। প্রকল্প বাস্তবায়নের ফলে নিরাপদ ও দ্রুতগতিতে যাত্রী ও মালামাল পরিবহন নিশ্চিত।

৩.৬.২ নির্মাণ কাজের গুণগত মান নিয়ন্ত্রন

যে কোন নির্মাণ কাজের গুণগত মান নিশ্চিত কারা অতীব গুরুত্বপূর্ণ। কাজের গুণগত মান নিয়ন্ত্রণে অবকাঠামোর স্থায়ীতে এবংদীর্ঘ, ঝুঁকি মুক্ত ব্যবহার নিশ্চিত করে। সাধারণত অবকাঠামো নির্মাণের জন্য গুণগত মান নিয়ন্ত্রণ/নিশ্চিয়তা বিধানে চুক্তির দলিলপত্রে Specification বিশদ বর্ণনা থাকে। রাস্তা নির্মাণের জন্য ব্যবহৃত মালামাল এবংকৃত কাজের মান নিয়ন্ত্রণে পদ্ধতিগত বিষয়টি অনুসরণ করার উল্লেখ আছে।

৩.৬.২.১ QA (Quality Assurance) ও QC (Quality Control)

QA (Quality Assurance)

প্রকল্পটির আওতায় সম্পাদিত রাস্তাসমূহের ক্ষেত্রে গুনগতমানের নিশ্চয়তার জন্য রাস্তার কাজের ধরন অনুসারে সড়ক ও জনপথ অধিদপ্তরের কাজের আইটেম অনুসারে স্পেসিফিকেশন ও নির্দিষ্ট টেস্ট করার লক্ষ্যমাত্রা ধরা আছে।নিম্নে গুনগতমানের নিশ্চয়তার একটি প্যাকেজের টেস্ট (প্যাকেজ নং-০২) দেখানো হল।

সারণী ৩.২৪- গুনগতমানের নিশ্চয়তার জন্য টেস্ট-লিস্ট (প্যাকেজ নং-০২)

অঙ্গের নাম	একক	পরিমান	সওজ এর টেষ্ট ফ্রিকুয়েন্সি		প্রয়োজনীয় টেষ্ট এর সংখ্যা	সম্পাদিত টেষ্ট এর সংখ্যা
			সংখ্যা	প্রতি একক		
সাব বেইজ	Cum	৬৯৪৬.০০				
Grading		৬৯৪৬.০০	১.০০	৭৫০	১০	১৩
LL		৬৯৪৬.০০	১.০০	৭৫০	১০	১৩
Plastic Index		৬৯৪৬.০০	১.০০	৭৫০	১০	১৩
ACV		৬৯৪৬.০০	১.০০	২০০০	৪	৭
TFV		৬৯৪৬.০০	১.০০	২০০০	৪	৭
Lab CBR		৬৯৪৬.০০	১.০০	৭৫০	১০	১৩
Compacted Density		৬৯৪৬.০০	৩.০০	১০০০	২১	২৪
DCP		৬৯৪৬.০০	১.০০	৫০০	১৪	১৭
বেইজ টাইপ-১	Cum	১৮৮৯৪.০০				
Grading		১৮৮৯৪.০০	১.০০	৫০০	৩৮	৪২
LL		১৮৮৯৪.০০	১.০০	৫০০	৩৮	৪২
Plastic Index		১৮৮৯৪.০০	১.০০	৫০০	৩৮	৪২
ACV		১৮৮৯৪.০০	১.০০	১০০০	১৯	২৩
TFV		১৮৮৯৪.০০	১.০০	১০০০	১৯	২৩
Lab CBR		১৮৮৯৪.০০	১.০০	৫০০	৩৮	৪২
Compacted Density		১৮৮৯৪.০০	৩.০০	১০০০	৫৭	৬১
DCP		১৮৮৯৪.০০	১.০০	৫০০	৩৮	৪২
বেইজ টাইপ-২	Cum	৪৭৩৮.০০				
Grading		৪৭৩৮.০০	১.০০	৫০০	১০	১৫

অঙ্গের নাম	একক	পরিমান	সওজ এর টেষ্ট ফ্রিকুয়েন্সি		প্রয়োজনীয় টেষ্ট এর সংখ্যা	সম্পাদিত টেষ্ট এর সংখ্যা
			সংখ্যা	প্রতি একক		
LL		৪৭৩৮.০০	১.০০	৫০০	১০	১৫
Plastic Index		৪৭৩৮.০০	১.০০	৫০০	১০	১৫
ACV		৪৭৩৮.০০	১.০০	১০০০	৫	১০
TFV		৪৭৩৮.০০	১.০০	১০০০	৫	১০
Lab CBR		৪৭৩৮.০০	১.০০	৫০০	১০	১৫
Compacted Density		৪৭৩৮.০০	৩.০০	১০০০	১৫	২০
DCP		৪৭৩৮.০০	১.০০	৫০০	১০	১৫

সূত্রঃ সড়ক ও জনপথ অধিদপ্তর, ২০২৩

পর্যবেক্ষণ

পরামর্শক দল প্যাকেজ-০২ আওতায় নির্মিত রাস্তাটির মাঠ পর্যায়ে গুনগতমান সরজমিনে পরীক্ষার জন্য রাস্তার কার্পেটিংয়ের পুরুত্ব কোরকাটার ব্যবহার করে তিনটি স্থানে পরীক্ষা করা হয় এবং পুরুত্ব সঠিক পাওয়া যায়।

চিত্র ৩.১- ল্যাব টেস্ট এর জন্য নমুনা সংগ্রহ

QC (Quality Control)

গুনগতমান নিশ্চয়তায় যে সকল স্পেসিফিকেশন ও টেস্ট লক্ষ্যমাত্রা ধরা থাকে তা গুনগতমান নিয়ন্ত্রনের জন্য সম্পাদন করা হয় এবং টেস্টের মানদন্ড বজায় রাখা নিশ্চিত করা হয়। পরামর্শক প্রতিষ্ঠান সমাপ্ত প্রকল্পটির কাজের ব্যবহৃত মালামাল ও সম্পাদিত কাজের গুণগত মান নিয়ন্ত্রণে কিছু টেস্ট এর কপি পর্যবেক্ষণ করেছে। পর্যবেক্ষণে দেখা যায় যে, নির্মাণ কাজ চলাকালে ব্যবহৃত মালামালের কিছু উপকরণ DUET ল্যাবরেটরিতে পাঠিয়ে পরীক্ষা করা হয়েছে ও প্যাকেজের আওতায় ঠিকাদারের স্থাপিত ফিল্ড ল্যাবরেটরিতে মাঠ পর্যায়ের পরীক্ষা সমূহ সম্পাদন করা হয়েছে।

৩.৬.৩ পরিমাপ বই

প্রকল্পটির পূর্ত কাজে বিল পরিশোধ করার জন্য পরিমাপ বইতে সম্পাদিত কাজ লিপিবদ্ধ করে বিল পরিশোধ করা হয়েছে।নমুনা পরীক্ষায় তা সঠিক পাওয়া গিয়েছে।

৩.৬.৪ পূর্ত কাজের বিবরণ

- **মাটির কাজ:** সংশোধিত ডিপিপিতে ২০.০৯ ল: ঘ:মি: সড়ক বাঁধে মাটির কাজ বাবদ ৪৭৩৫.৮৬ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। সড়কটির প্রশস্তকরণে ২০.০৯ ল: ঘ:মি: মাটি কাজ বাবদ ৪৭৩৫.৮৬ লক্ষ টাকা খরচ হয়েছে। রিপোর্ট পর্যবেক্ষণ করে এবং সরজমিনে পরিদর্শনকালে মূল পেভমেন্টের দুইপাশে সফটসোল্ডারের কিছু কিছু স্থানে রেইনকোটে

ক্ষতিগ্রস্ত দেখা যায়। এছাড়া মূল পেভমেন্টের তুলনায় দুই পাশে মাটির বাধঁ (Soft Sholder) কিছুটা নিচু হয়েছে দেখা যায়।

- **ফেক্সিবল পেভমেন্ট মজবুতিকরণ-প্রশস্তকরণ ও সার্ফেসিং :** সংশোধিত ডিপিপিতে ১৩৭.৮৬ কি:মি: সড়কের পেভমেন্ট মজবুতিকরণের ১৩৪৯০.২১ লক্ষ টাকা, ১১৫.৪৪৬ কি:মি: সড়কের প্রশস্তকরণের জন্য ৬১০৭.০২ লক্ষ টাকা, ১৩৭.৮৬ কি:মি: পেভমেন্ট সার্ফেসিং এর জন্য ২৩০১৯.৩৮ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। ১৩৭.৮৬ কি:মি: সড়ক মজবুতিকরণের ও ১১৫.৪৬ কি:মি: সড়ক প্রশস্তকরণে পুরো টাকাই ব্যয় করা হয়েছে। পরিদর্শনকালে পেভমেন্ট বাহ্যিক দৃষ্টিতে ভাল দেখা যায়। তবে কয়েকটি স্থানে রেইনকাটে সফট সোল্ডার ক্ষতিগ্রস্ত হয়ে মূল পেভমেন্টের উপর ক্র্যাক/পটহোল সৃষ্টি হয়েছে। এছাড়া কয়েকটি জায়গায় পেভমেন্টে এইজিং/কোনা ভেঙ্গে গেছে দেখা যায়। পুরো সড়কের পেভমেন্ট পরীক্ষা - নিরীক্ষাপূর্বক পেভমেন্টে সৃষ্ট ক্র্যাক/পটহোল, ভেঙ্গে যাওয়া এইজিং/কোনা মেরামত /সংশোধন করা প্রয়োজন। অন্যদিকে দুইপাশের গাছ/লতাপাতা ঘাস এসে মূল পেভমেন্টের অংশ বিশেষ ঢেকে ফেলেছে দেখা যায়।

- **রিজিড পেভমেন্ট নির্মাণ:** ৭.৬ কি: মি: রিজিড পেভমেন্ট নির্মাণের জন্য ৪৭৪৭.৩৩ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। রিপোর্ট পর্যবেক্ষণ করে এবং সরজমিনে পরিদর্শনকালে দেখা যায়, বাজার /গ্রোথ সেন্টার এলাকায় যেখানে ড্রেনেজ ব্যবস্থার সমস্যা রয়েছে এবং জলাবদ্ধতার কারণে বিটুমিনাস লেয়ারের ফ্লাক্সিবল পেভমেন্ট ক্ষতিগ্রস্থ হওয়ার আশঙ্কা রয়েছে সেসব বাজার /গ্রোথ সেন্টার এলাকায় ৭.৬ কি: মি: রিজিড পেভমেন্ট নির্মাণ করা হয়েছে।

- **২০ টি আরসিসি বক্স কালভার্ট (১২০.৯০ মি:):** সংশোধিত ডিপিপিতে ১২০.৯০ মিটার আরসিসি বক্স কালভার্ট (২০টি) নির্মাণ কাজের জন্য ১৪২৯.৩২ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। পরিদর্শনকালে দেখা যায়, বিদ্যমান সরু ও ঝুঁকিপূর্ণ বক্স কালভোর্টের স্থানে নতুন করে ২০টি কালভার্ট নির্মাণ করা হয়েছে।

- **৪টি (১২১.২৩ মি:) পিসি গার্ডার সেতু ও ৫টি (৮৯.৭৫ মি:) আরসিসি গার্ডার সেতু নির্মাণ :** সংশোধিত ডিপিপিতে ৪টি (১২১.২৩ মিটার) পিসি গার্ডার সেতু নির্মাণ কাজের জন্য ২২৭১.৮৯ লক্ষ টাকা, ৮৯.৭৫ মি: আরসিসি গার্ডার সেতু নিমার্ণের জন্য ১৫২৭.৮৬ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। পরিদর্শনকালে দেখা যায়, ঝুঁকিপূর্ণ ও সরু আরসিসি সেতু ও বেইলি ব্রিজের পরিবর্তে ৯ টি পিসি/আরসিসি গার্ডার সেতু নির্মাণ করা হয়েছে। বাহ্যিক দৃষ্টিতে সেতুসমূহ ভালো দেখতে পাওয়া যায়। তবে কিছু কিছু সেতুর রক্ষাপ্রদ কাজ আংশিক ক্ষতিগ্রস্ত এবং সেতুর রং নষ্ট হয়ে গেছে দেখতে পাওয়া যায়।

- **ড্রেন নির্মাণ:** সংশোধিত ডিপিপিতে ২৩৩.২৪ মিটার ড্রেন নির্মাণের জন্য ১৩৩৪.০৫ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। পরিদর্শনকালে দেখা যায়, সেতু/কালভোর্টের এ্যাপ্রোচ সড়ক সংশ্লিষ্ট অঞ্চলে এবং বাজার গ্রোথ সেন্টার এলাকায় ড্রেন নির্মাণ করা হয়েছে।

- **সাইন/ সিগন্যাল :** সড়কটির বিভিন্ন চেইনেজের গুরুত্বপূর্ণ স্থান যেমন-শিক্ষা প্রতিষ্ঠান, বাঁক প্রভৃতি স্থানে ও যানবাহনের গত নির্ধারণে সাইন, সিগন্যাল স্থাপন করা হয়েছে। এছাড়া বাঁক ও এ্যাপ্রোচ সড়ক অঞ্চলে গাইড পোষ্ট এবং কি:মি: ভিত্তিক কি:মি: পোস্ট স্থাপন করা হয়েছে। কিছু কিছু সাইন সিগন্যাল এবং কিছু সড়কাংশে রোড মাকিং অস্পষ্ট হয়ে গেছে দেখা যায়।

বাজার এলাকা পরিদর্শন

রাস্তার পাশে ভাঙ্গা পেভমেন্ট

রাস্তার পাশের বাঁধ

পেভমেন্ট

চিত্র ৩.২-প্রকল্পের এলাকা সমূহের পরিদর্শনের ছবি

৩.৬.৫ আর্থ-সামাজিক প্রভাব বিশ্লেষণ

নমুনার আকার ৩৮৪ হলেও কাজের সুবিধার্থে নমুনার আকার ৪০০ নির্ধারণ করা হয়েছে। প্রত্যক্ষ উপকারভোগী হিসেবে এক্ষেত্রে মূল উত্তরদাতা হলো বাস/ গণপরিবহনে চলাচলকারী যাত্রী, বাস স্টেশন এর নিকটবর্তী বসবাসকারী এবং বাস বা গণপরিবহন ব্যবহারকারী।

সারণী ৩.২৫- নমুনার আকার নির্ধারণ

উপকারভোগী	উত্তরদাতার সংখ্যা	শতকরা হার (%)
বাস/ গণপরিবহনে চলাচলকারী যাত্রী	২৫০	৬২
বাস স্টেশন এর নিকটবর্তী বসবাসকারী	১৫০	৩৮
মোট	**৪০০**	**১০০**

সূত্রঃ মাঠ জরীপ, ২০২৩

মাঠ পর্যায়ে জরিপ কাজের উপর ভিত্তি করে নিম্নোক্ত ফলাফল পর্যবেক্ষণ করা হয়েছে-

প্রকল্পটির আর্থ-সামাজিক প্রভাব মূল্যায়ন করার জন্য দুই ধরণের উপকারভোগীর নিকট হতে তথ্য সংগ্রহ করা হয়েছে, যেমন- বাস/ গণপরিবহনে চলাচলকারী যাত্রী এবং বাস স্টেশন এর নিকটবর্তী বসবাসকারী । উপকারভোগীদের নিকট হতে প্রাপ্ত তথ্যের আলোকে আর্থ-সামাজিক প্রভাব বিশ্লেষণ করা হয়েছে। নিম্নে বিস্তারিত বর্ণনা দেয়া হলো:

৩.৬.৫.১ জরিপ ফলাফল

বাস/ গণপরিবহনে চলাচলকারী যাত্রীদের জরীপ ফলাফল

যাত্রীদের উপর জরিপ করা হয়।মোট ২৫০ জন যাত্রীকে দৈবচয়নের মাধ্যমে নির্বাচন করা হয়েছে যার মধ্যে ৬৮% জন পুরুষ এবং ৩২% জন নারী। শিক্ষাগত যোগ্যতার পর্যালোচনায় দেখা যায়, স্নাতক পর্যায়ে লেখাপড়া জানা উত্তরদাতার সংখ্যা সর্বাধিক (২২%) । উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষিত উত্তরদাতার সংখ্যা ও উল্লেখযোগ্য (১৯%) এ ছাড়াও মাধ্যমিক পর্যায়ে শিক্ষিত উত্তরদাতার সংখ্যা (১৫%) । প্রকল্প এলাকার জনগণ বিভিন্ন পেশায় নিয়োজিত যেমনঃ কৃষক, ক্ষুদ্র ব্যবসা, চাকুরিজীবি, পারিবারিক সাহায্যকারী, বড় ব্যবসা, শিক্ষার্থী, শ্রমিক/মজুর, শিক্ষক, আইনজীবী, ড্রাইভার ইত্যাদি। জরিপে উত্তর দাতাদের মদ্ধে কৃষক ২%, ক্ষুদ্র ব্যবসা ২৬%, চাকুরিজীবি ২৭%, পারিবারিক সাহায্যকারী ৪%, বড় ব্যবসা ৪%, শিক্ষার্থী ১৬%, শ্রমিক/মজুর ১০%, শিক্ষক ৪%, আইনজীবী ২%, ড্রাইবার ৫% পেশায় নিয়োজিত।

নিরাপত্তা

মহাসড়ক সংস্কারের ফলে বাস/গনপরিবহনে চলাচলে যাত্রীদের পরিবহন নিরাপত্তা ও চলাচলের সাচ্ছন্দ উল্লেখযোগ্য পরিবর্তন হয়েছে । সড়কটির বিভিন্ন চেইনেজের গুরুত্বপূর্ণ স্থান যেমন-শিক্ষা প্রতিষ্ঠান, বাঁক প্রভৃতি স্থানে ও যানবাহনের গতি নির্ধারণে সাইন, সিগন্যাল স্থাপন করা হয়েছে। এছাড়া বাঁক ও এ্যাপ্রোচ সড়ক অঞ্চলে গাইড পোষ্ট এবং কি:মি: ভিত্তিক কি:মি: পোস্ট স্থাপন করা হয়েছে। জরিপে অংশগ্রহণকারী ৮৫% উত্তরদাতা বলেছেন পরিবহন নিরাপত্তা বেড়েছে এবং ৬% উত্তরদাতা বলেছেন কোন ধারণা নেই এবং ৯% উত্তরদাতা বলেছেন নিরাপত্তা কমেছে ।

সারণী ৩.২৬ রাস্তার নিরাপত্তা

মতামত	উত্তরদাতার সংখ্যা	শতকরা হার (%)
পরিবহন নিরাপত্তা কমেছে	১৩	৯
পরিবহন নিরাপত্তা বেড়েছে	১২৮	৮৫
এই প্রসঙ্গে ধারণা নেই	৯	৬
মোট	**১৫০**	**১০০**

সূত্রঃ মাঠ জরীপ, ২০২৩

চলাচলের সাচ্ছন্দ

মহাসড়ক সংস্কারের ফলে সড়ক গুলোতে যাত্রীদের চলাচলের স্বাচ্ছন্দ্য বেড়েছে। জরিপে অংশগ্রহণকারী ৯৩% বলেছেন, সড়কটিতে স্বাচ্ছন্দ্য চলাচল করা যায় এবং ৭% বলেছেন, সড়কটিতে স্বাচ্ছন্দ্য চলাচল করা যায় না।

সারণী ৩.২৭- চলাচলের সাচ্ছন্দ

মতামত	উত্তরদাতার সংখ্যা	শতকরা হার (%)
স্বাচ্ছন্দ্যে চলাচল করা যায় না	১১	৭
স্বাচ্ছন্দ্যে চলাচল করা যায়	১৩৯	৯৩
মোট	**১৫০**	**১০০**

সূত্রঃ মাঠ জরীপ, ২০২৩

ব্যবসার পরিবর্তন

রাস্তার মেরামতের ফলে রাস্তার দুইপাশ ধরে অনেক নতুন শিল্পকারখানা গড়ে উঠেছে। নতুন ব্যবসার সুযোগ সৃষ্টি হয়েছে, দূর থেকে মাল আনা সহজ হয়েছে এবং কাজের সুযোগ বাড়ছে। জরিপে অংশগ্রহণকারীর প্রায় ৪৮% মানুষের অভিজ্ঞতা ও মতামত হলো প্রকল্পটি বাস্তবায়নের ফলে তাদের নতুন ব্যবসার সুযোগ সৃষ্টি হয়েছে, ৫২% বলেছেন বিদ্যমান ব্যবসা বৃদ্ধি পেয়েছে।



চিত্র ৩.৩- ব্যবসার পরিবর্তনের হার

চিকিৎসা, শিক্ষা ও পণ্য পরিবহণে সহজলভ্যতা

উত্তরদাতাদের ৯৪% বলেছে চিকিৎসা, শিক্ষা ও পণ্য পরিবহণে পরিবর্তন হয়েছে। কি ধরনের পরিবর্তন হয়েছে জানতে চাইলে, উত্তরদাতারা বলেছেন ৫৯% বলেছেন কম খরচ, সময় কম লাগে, ৩৫% বলেছে সহজে যাতায়াত করা যায় এবং ৬% জানিনা বলেছেন।



চিত্র ৩.৪- চিকিৎসা, শিক্ষা ও পণ্য পরিবহণে সহজলভ্যতা

সড়ক পথের ক্রসিং-এ নিরাপত্তা

সড়কের বিভিন্ন স্থানে যানবাহনের গতি নির্ধারণে সাইন, সিগন্যাল স্থাপন করা হয়েছে। তবে, ক্রসিং এর জন্য পর্যাপ্ত নির্দেশনা দেখা যায়নি। জরিপে উত্তরদাতাদের ৩৯% বলেছেন, সড়ক পথের ক্রসিং-এ নিরাপত্তা রয়েছে। ১৯% নিরাপত্তা নেই এবং ৪১% বলেছেন, নিরাপত্তা আছে তবে পর্যাপ্ত নয়।



চিত্র ৩.৫- সড়ক পথের ক্রসিং-এ নিরাপত্তা

দুর্ঘটনা

মহাসড়ক সংস্কারের ফলে মহাসড়কে যান বহন চলাচল বৃদ্ধি পেয়েছে । জরিপে অংশগ্রহণকারী ২১% উত্তরদাতা বলেছেন, দুর্ঘটনা পূর্বের মত আছে, ৭১ % যাত্রী বলেছেন দুর্ঘটনা কমেছে, এবং ৮% উত্তরদাতা বলেছেন, দুর্ঘটনা বৃদ্ধি পেয়েছে।

সারণী ৩.২৮- দুর্ঘটনার হার

মহাসড়ক-এ দুর্ঘটনা	উত্তরদাতার সংখ্যা	শতকরা হার (%)
দুর্ঘটনা বৃদ্ধি পেয়েছে	১২	৮
দুর্ঘটনা কমেছে	১০৬	৭১
পূর্বের মত আছে	৩২	২১
মোট	**১৫০**	**১০০**

সূত্রঃ মাঠ জরীপ, ২০২৩

ভবিষ্যত উন্নয়নের জন্য পরামর্শ

প্রকল্পটির ভবিষ্যৎ উন্নয়নের জন্য উত্তরদাতাগণ বিভিন্ন মতামত প্রদান করেন। উত্তরদাতাগনের মধ্যে ৪৮% বলেছেন, রাস্তা প্রশস্ত করতে হবে। ১২% বলেছেন, ট্রাফিক আইন প্রয়োগ করতে হবে, ১০% বলেছেন মহাসড়ক গুলো সঠিক ভাবে পরিচালনা করতে হবে।

সারণী ৩.২৯- ভবিষ্যত উন্নয়নের জন্য পরামর্শ

সুপারিশ	উত্তরদাতার সংখ্যা	শতকরা হার (%)
রাস্তা আরও প্রশস্থ করতে হবে	৭২	৪৮
মহাসড়ক গুলো সঠিক ভাবে পরিচালনা করতে হবে	১৫	১০
যানজট কমানোর ব্যবস্থা নিতে হবে	১২	৮
সঠিক ভাবে মেরামত করা প্রয়োজন	২২	১৫

সুপারিশ	উত্তরদাতার সংখ্যা	শতকরা হার (%)
রাস্তাগুলো পরিষ্কার রাখতে হবে	৬	৪
ট্রাফিক আইন প্রয়োগ করতে হবে	১৮	১২
পর্যবেক্ষণ করতে হবে	৫	৩
মোট	**১৫০**	**১০০**

সূত্রঃ মাঠ জরীপ, ২০২৩

বাস স্টেশন এর নিকটবর্তী বসবাসকারীদের জরীপ ফলাফল

মোট ১৫০ জন বাস স্টেশন এর নিকটবর্তী বসবাসকারী দৈবচয়নের মাধ্যমে নির্বাচন করা হয়েছে । এর মধ্যে ৯৮ জন পুরুষ (৬৫%) ও ৫২ জন মহিলা (৩৫%)। শিক্ষাগত যোগ্যতার পর্যালোচনায় দেখা যায়, উচ্চ মাধ্যমিক পর্যায়ে লেখাপড়া জানা উত্তরদাতার সংখ্যা সরবাধিক ৩১ জন (২১%) । উচ্চ প্রাথমিক পর্যায়ে শিক্ষিত উত্তরদাতার সংখ্যা ও উল্লেখযোগ্য ২৯ জন (১৯%) এ ছাড়াও মাধ্যমিক পর্যায়ে শিক্ষিত উত্তরদাতার সংখ্যা ৩৩ জন (২২%) । প্রকল্প এলাকার জনগণ বিভিন্ন পেশায় নিয়োজিত যেমনঃ কৃষক, ক্ষুদ্র ব্যবসা, চাকুরিজীবি, বড় ব্যবসা, শিক্ষার্থী, শ্রমিক/মজুর, গৃহিণী, ড্রাইবার ইত্যাদি। জরিপে উত্তর দাতাদের মদ্ধে ক্ষুদ্র ব্যবসা ৫৩%, চাকুরিজীবি ১৮%, দোকানের কর্মচারী ৩%, বড় ব্যবসা ১৩%, শিক্ষার্থী ৫%, শ্রমিক/মজুর ৬%, গৃহিণী ২% পেশায় নিয়োজিত।

সারণী ৩.৩০- শিক্ষাগত যোগ্যতা

শিক্ষাগত যোগ্যতাঃ	উত্তরদাতার সংখ্যা	শতকরা হার (%)
উচ্চ মাধ্যমিক	৩১	২১
নিম্ন মাধ্যমিক	২৩	১৫
প্রাথমিক	২৯	১৯
মাধ্যমিক	৩৩	২২
মাস্টার্স ও উচ্চতর	৩	২
লেখাপড়া করি নাই	৮	৫
স্নাতক	২৩	১৫
মোট	**১৫০**	**১০০**

সূত্রঃ মাঠ জরীপ, ২০২৩

মহাসড়কটি নির্মাণের ফলে প্রকল্প এলাকায় যানজট পরিস্থিতি

মহাসড়কটি নির্মাণের ফলে এই এলাকায় যানজট হ্রাস পেয়েছে ফলে , প্রকল্প এলাকায় যানবাহন ধারণ ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। জরিপে অংশগ্রহণকারী ৭৯% উত্তরদাতা বলেছেন যানজট হ্রাস পেয়েছে। ১৫% বলেছে যানজট যানজট বৃদ্ধি পেয়েছে । মূলত রাস্তা উন্নয়নের ফলে অনেক নতুন কারখানা গড়ে উঠেছে, মানুষজন বিভিন্ন কারণে বেশি যাতায়ত করে, ফলে রাস্তায় যানবাহনের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

সারণী ৩.৩১- প্রকল্প এলাকায় যানজট পরিস্থিতি

যানজট হ্রাস ও যানবাহন ধারণ ক্ষমতা বৃদ্ধি	উত্তরদাতার সংখ্যা	শতকরা হার (%)
যানজট বৃদ্ধি পেয়েছে	২৩	১৫
যানজট হ্রাস পেয়েছে	১১৮	৭৯
ধারণা নেই	৯	৬
মোট	**১৫০**	**১০০**

সূত্রঃ মাঠ জরীপ, ২০২৩

নির্মিত সড়কে ব্রীজ/ কালর্ভাটের নীচ দিয়ে পানি প্রবাহের অবস্থা

প্রকল্প এলাকায় নির্মিত সড়কে ব্রীজ/কালর্ভাট নির্মাণ করা হয়েছে এবং কালর্ভাটের নীচ দিয়ে পানির প্রবাহ ঠিক আছে। ৮৫% উত্তরদাতা বলেছেন, ব্রীজ/কালর্ভাট পর্যাপ্ত আছে এবং কালর্ভাটের নীচ দিয়ে পানির প্রবাহিত হয়।



চিত্র ৩.৬- নির্মিত সড়কে ব্রীজ/ কালর্ভাটের নীচ দিয়ে পানি প্রবাহ

পরিবেশের উপর প্রভাব

আঞ্চলিক মহাসড়ক সংস্কার হওয়ার ফলে, পূর্বের তুলনায় অত্র এলাকার পরিবেশের উন্নতি হয়েছে লক্ষ্য করা গেছে। ৮৫% উত্তরদাতা বলেছেন, মহাসড়ক সংস্কার হওয়ার ফলে, পূর্বের তুলনায় অত্র এলাকার পরিবেশের উন্নতি হয়েছে। তবে যানবাহনের সংখ্যা বেড়ে যাওয়ায় পরিবেশের উপর কিছু নেতিবাচক প্রভাব পড়ছে, যার জন্য গাছ লাগানোর পরামর্শ দেয়া হয়েছে।



চিত্র ৩.৭- পরিবেশের উপর প্রভাব

জরিপে অংশগ্রহণকারী প্রায় ৪১ জন উত্তরদাতা বলেছেন, প্রকল্প বাস্তবায়নের ফলে, দূষণ (শব্দ/বায়ু/প্রভুতি) কমেছে এবং ৮৩ জন বলেছেন, দূষণ কমেনি। অন্য দিকে ১১২ জন উত্তরদাতা বলেছেন, কৃষি জমির পরিবর্তনের অভিঘাতে জলাধার ও গাছপালা কমেছে এবং ১০ জন বলেছেন কমেনি।

জলাবদ্ধতা

সেতু/কালভার্টের এ্যাপ্রোচ সড়ক সংশ্লিষ্ট অঞ্চলে এবং বাজার এলাকায় ড্রেন নির্মাণ করা হয়েছে। জরিপে অংশগ্রহণকারী ৫৫% উত্তরদাতা বলেছেন সড়কে জলাবদ্ধতা হয় এবং ৪৪% বলেছেন তাদের এলাকায় নির্মিত সড়কে কোন জলাবদ্ধতার সৃষ্টি হয় না। উত্তরদাতাদের মতামত দুই ক্ষেত্রেই প্রায় সমসংখ্যক হওয়ায় পরামর্শক দল পর্যবেক্ষণ করে দেখে, মহাসড়কটি নির্মাণের ফলে নির্মিত সড়কের কোন কোন স্থানে বিশেষ করে বাজার এলাকায় জলাবদ্ধতার সৃষ্টি হয়।



চিত্র ৩.৮- জলাবদ্ধতার হার

জলাবদ্ধতা দূরীকরণে পরামর্শ

উত্তরদাতারা অত্র অঞ্চলের জলাবদ্ধতা দূরীকরণে কালর্ভাট নির্মাণকরা, খাল খননকরা, ড্রেনেজ সিস্টেম চালু করার পরামর্শ দিয়েছেন । জরিপে অংশগ্রহণকারী ৩৫% উত্তরদাতা ড্রেনেজ সিস্টেম চালু করার কথা বলেছেন, ১৭ % উত্তরদাতা কালর্ভাট নির্মাণকরা এবং ২% উত্তরদাতা খাল খননকরার পরামর্শ দিয়েছেন ।

সারণী ৩.৩২- জলাবদ্ধতা দূরীকরণে পরামর্শ

জলাবদ্ধতা দূরীকরণে পরামর্শ	উত্তরদাতার সংখ্যা	শতকরা হার (%)
কালভার্ট নির্মাণ করা	২৬	১৭
খাল খননকরা	৩	২
ড্রেনেজ সিস্টেম চালু করা	১০৮	৭২
কোন উত্তর দেয়নি	১৩	৯
মোট	**১৫০**	**১০০**

সূত্রঃ মাঠ জরীপ, ২০২৩

আর্থ-সামাজিক উন্নতির জন্য সুপারিশ

এই আঞ্চলিক মহাসড়ক সংস্কার হওয়ার ফলে এলাকার আর্থ-সামাজিক উন্নতির জন্য মতামত প্রদান করেছেন। যেমন ২৮% রাস্তা প্রশস্ত করার পরামর্শ দিয়েছেন, ১৫% বলেছেন, নিরাপত্তা ব্যবস্থা ভালো করা উচিত, ১৩% বলেছেন, ড্রেন নির্মাণ করতে হবে, ১১% বলেছেন, যানজট কমাতে হবে, ৮% বলেছেন, ল্যাম্প পোস্ট স্থাপন করতে হবে, ৭% বলেছেন, আরো সংস্কার প্রয়োজন, ৫% বলেছেন, দুর্ঘটনা কমতে হবে, ৪% বলেছেন, জলাবদ্ধতা নিরসন করতে হবে ইত্যাদি।

সারণী ৩.৩৩- আর্থ-সামাজিক উন্নতির জন্য সুপারিশ

সুপারিশ	উত্তরদাতার সংখ্যা	শতকরা হার (%)
আরো মান উন্নয়ন করা প্রয়োজন	২০	১৪
গাড়ি গতি কমাতে হবে	২	১
জলাবদ্ধতা নিরসন	৬	৪
ড্রেন নির্মাণ	২০	১৩
দুর্ঘটনা কমানো	৫	৩
ফুটপাত এর দোকান বন্ধ করা	৪	৩
যানজট কমানোর ব্যবস্থা গ্রহণ	১৬	১১
ল্যাম্পপোস্ট দরকার	১২	৮
নিরাপত্তা ব্যবস্থা ভালো করা উচিত	২৩	১৫
রাস্তা আরও প্রশস্থ করা প্রয়োজন	৪২	২৮
মোট	**১৫০**	**১০০**

সূত্রঃ মাঠ জরীপ, ২০২৩

কন্ট্রোল এলাকায় বসবাসকারী জনগোষ্ঠি ও প্রকল্প এলাকার মতামত

সমীক্ষায় কন্ট্রোল এলাকায় বসবাসকারী ১৫০ জনের সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে । রাস্তার পাশ্ববর্তী এলাকা থেকে দৈবচয়ন ভিত্তিতে নির্বাচন করা হয়েছে।

যাতায়াত ব্যয়

প্রকল্প বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকায় যাতায়ত ব্যবস্থা উন্নত হয়েছে। সিএনজি, অটোরিকশার ব্যবহার বেড়েছে, গণপরিবহণ চলাচল বেড়েছে। পাশের এলাকার তুলনায় প্রকল্প এলাকায় যাতায়ত ব্যয় কমেছে এবং যাতায়ত আরামদায়ক হয়েছে। জরিপে অংশগ্রহণকারী ৭৩% বলেছে যাতায়ত ব্যয় কমেছে যেখানে কন্ট্রোল গ্রুপ থেকে দেখা যায় ৪১% বলেছে যাতায়ত ব্যয় কমেছে। কমার কারণ হিসাবেও তারা প্রকল্প এলাকার রাস্তার উন্নয়ন উল্লেখ করেছে।



সূত্রঃ মাঠ জরীপ, ২০২৩

চিত্র ৩.৯- সুবিধাভোগী জনগোষ্ঠী ও কন্ট্রোল গ্রুপের মতামত (যাতায়াত ব্যয়)

কর্মসংস্থান

জরিপে অংশগ্রহণকারী ৯১% বলেছে রাস্তার উন্নয়নের ফলে কর্মসংস্থান বেড়েছে। কন্ট্রোল গ্রুপের ৩৫% বলেছে কর্মসংস্থান বেড়েছে এবং ৬৫% বলেছে আগের মত আছে।



সূত্রঃ মাঠ জরীপ, ২০২৩

চিত্র ৩.১০- সুবিধাভোগী জনগোষ্ঠী ও কন্ট্রোল গ্রুপের মতামত (কর্মসংস্থান)

যোগাযোগ ব্যবস্থার উন্নতি

প্রকল্প বাস্তবায়নের ফলে আগের তুলনায় রাস্তা প্রশস্থ হয়েছে। রাস্তার পেভমেন্ট মজবুত হয়েছে, যাতায়ত ব্যবস্থা সহজতর হয়েছে। জরিপে অংশগ্রহণকারী ৯৮% বলেছে রাস্তার উন্নয়নের ফলে যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে। অন্যদিকে কন্ট্রোল গ্রুপের ৪১% বলেছে যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে এবং ৭৩% বলেছে আগের মত আছে।

সারণী ৩.৩৪- সুবিধাভোগী জনগোষ্ঠী ও কন্ট্রোল গ্রুপের মতামত (যোগাযোগ ব্যবস্থার উন্নতি)

	প্রকল্প এলাকা	শতকরা (%)	কন্ট্রোল গ্রুপ	শতকরা (%)
কমেছে	-	-	-	-
বেড়েছে	১৪৭	৯৮	৪১	২৭
আগের মত আছে	৩	২	১০৯	৭৩
মোট	১৫০	১০০	১৫০	১০০

সূত্রঃ মাঠ জরীপ, ২০২৩

নতুন ব্যবসার প্রসার

জরিপের পাশাপাশি পরামর্শক দল পরিদর্শন করেও দেখে যে রাস্তার পাশে নতুন নতুন অনেক শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে, বিশেষ করে- প্রিন্টিং, গার্মেন্টস ইত্যাদি। এছাড়াও নিত্য প্রয়োজনীয় অনেক দোকান গড়ে উঠেছে। জরিপে অংশগ্রহণকারী ৯১% বলেছেন নতুন ব্যবসার প্রসার হয়েছে। কন্ট্রোল গ্রুপের ৪১% বলেছে ব্যবসার প্রসার হয়েছে তাও প্রকল্প রাস্তা উন্নয়নের ফলে।

সারণী ৩.৩৫- সুবিধাভোগী জনগোষ্ঠী ও কন্ট্রোল গ্রুপের মতামত (নতুন ব্যবসার প্রসার)

	প্রকল্প এলাকা	শতকরা (%)	কন্ট্রোল গ্রুপ	শতকরা (%)
কমেছে		০		০
বেড়েছে	১৩৭	৯১	৬১	৪১
আগের মত আছে	১৩	৯	৮৯	৫৯
মোট	১৫০	১০০	১৫০	১০০

সূত্রঃ মাঠ জরীপ, ২০২৩

দুর্ঘটনা

প্রকল্প এলাকা যেহেতু আঞ্চলিক ভাবে গুরুত্বপূর্ণ রাস্তা, প্রতিদিন অনেক যানবাহন চলাচল করে। বিশেষ করে অটো-চালিত রিকশা, সিএনজি এদের অসতর্ক চলাচলের জন্য দুর্ঘটনা বেশি হয়। তবে রাস্তায় পর্যাপ্ত সাইন, সিগন্যাল, রোড মার্কিং করা হয়েছে যার ফলশ্রুতিতে দুর্ঘটনা আগের তুলনায় অনেক কমেছে। জরিপে অংশগ্রহণকারী ৮২% বলেছেন দুর্ঘটনা আগের তুলনায় অনেক কমেছে। অন্যদিকে কন্ট্রোল গ্রুপের ৩৩% বলেছে দুর্ঘটনা আগের তুলনায় অনেক কমেছে এবং ৪৮% বলেছে আগের মত আছে।

সারণী ৩.৩৬- সুবিধাভোগী জনগোষ্ঠী ও কন্ট্রোল গ্রুপের মতামত (দুর্ঘটনা)

	প্রকল্প এলাকা	শতকরা (%)	কন্ট্রোল গ্রুপ	শতকরা (%)
কমেছে	১২৩	৮২	৪৯	৩৩
বেড়েছে	৮	৫	২৯	১৯
আগের মত আছে	১৯	১৩	৭২	৪৮
মোট	১৫০	১০০	১৫০	১০০

সূত্রঃ মাঠ জরীপ, ২০২৩

৩.৬.৫.২ দলীয় আলোচনার (এফজিডি) ফলাফল পর্যালোচনা

প্রকল্পের বিভিন্ন বিষয় সার্বিক পর্যালোচনার জন্য প্রকল্পভুক্ত ৩টি জেলায় একটি করে এফজিডি-র আয়োজন করা হয়েছিল। এতে অংশ নেয় স্থানীয় পর্যায়ের সরকারের প্রতিনিধি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, পরিবহণ ব্যবসায়ী, মসজিদের ইমাম, ব্যবসায়ী, চাকুরিজীবী,ছাত্র, সাংবাদিক প্রমুখ। এফজিডিতে উপস্থিত সকলে প্রকল্পের সুবিধা, অসুবিধা ইত্যাদি বিষয়ে খোলামেলা আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।

এফজিডি (গাজীপুর)
আয়োজনের তারিখ- ১৭/০৪/২০২৩

মুখ্য ব্যক্তিবর্গের সাথে আলোচনা (কেআইআই)
আয়োজনের তারিখ- ১২/০৪/২০২৩

এফজিডি (নারায়ণগঞ্জ)-
আয়োজনের তারিখ- ০১/০৫/২০২৩

এফজিডি (নরসিংদী)
আয়োজনের তারিখ- ০৯/০৫/২০২৩

চিত্র ৩.১১ অনুষ্ঠিত এফজিডি ও কেআইআই

এফজিডিসমূহে আলোচনার প্রধান বিষয়গুলো নিম্নে উল্লেখ করা হলো

- উপস্থিত সকলেই একমত যে, প্রকল্প বাস্তবায়নের ফলে এলাকার সার্বিক যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে। লোকজন দ্রুত ও কম খরচে যাতায়াত করতে পারছে।
- রাস্তা উন্নয়নেরবফলে এলাকার ছেলেমেয়েদের জন্য শিক্ষাঙ্গনে যাতায়াত সহজ হয়েছে, লোকজন দ্রুত ও সহজে স্বাস্থ্যকেন্দ্রে যাতায়াত করতে পারছে, ব্যবসায়ী ও চাকুরিজীবীগণ দ্রুত ও স্বল্প খরচে কর্মস্থলে যাতায়াত করতে পারছেন।
- দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের ক্ষেত্রে প্রকল্পের অবদান আছে বলে আলোচকগণ মতামত দিয়েছেন। তাঁদের মতে দ্রুত যাতায়াতের ফলে এলাকার দরিদ্র জনগণ দূরবর্তী অঞ্চলে কাজের জন্য যেতে পারছে। এছাড়া এলাকায় দোকানপাট/গ্রোথসেন্টারগড়ে উঠেছে, ফলে এলাকার কিছু লোকজনের কর্মসংস্থান হয়েছে।
- এই এলাকায় রাস্তার উন্নয়নের ফলে পরিবেশের উপর কিছু নেতিবাচক প্রভাব পড়েছে যেমনঃ বায়ু দূষণের মাত্রা বেড়েছে, গাছ কাটা হয়েছে ইত্যাদি।
- সড়ক যোগাযোগ উন্নত হওয়ায় এলাকায় ব্যবসাবাণিজ্যের পরিধি প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। রাস্তার দুই পাশ ধরে অনেক শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে। শিল্প কারখানার পণ্য পরিবহন সহজ হয়েছে।
- সড়কটির বিভিন্ন চেইনেজের গুরুত্বপূর্ণ স্থান যেমন-শিক্ষা প্রতিষ্ঠান, বাঁক প্রভৃতি স্থানে ও যানবাহনের গত নির্ধারণে সাইন, সিগন্যাল স্থাপন করা হয়েছে। এছাড়া বাঁক ও এ্যাপ্রোচ সড়ক অঞ্চলে গাইড পোষ্ট এবং কি:মি: ভিত্তিক কি:মি: পোস্ট স্থাপন করা হয়েছে। কিছু কিছু সাইন সিগন্যাল এবং কিছু সড়কাংশে রোড মাকিং অস্পষ্ট হয়ে গেছে দেখা যায়। অস্পষ্ট হয়ে যাওয়া রোড মার্কিং ও সাইন সিগন্যালের লেখা পুনরায় করা প্রয়োজন । এছাড়া কিছু কিছু গাইড পোস্ট ভেঙ্গে যাওয়া /হেলে পড়েছে দেখা যায়। এগুলো মেরামত করা প্রয়োজন।
- কিছু ড্রেনের মধ্যে ময়লা আবর্জনা এবং কয়েকটি ড্রেনের আউটলেট বন্ধ থাকায় পানি প্রবাহে বাধাঁ সৃষ্টি হচ্ছে দেখা যায়। সব সময় ড্রেনসমূহ যাতে কার্যকর থাকে সে বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন।
- বাহ্যিক দৃষ্টিতে সেতুসমূহ ভালো দেখতে পাওয়া যায়। তবে কিছু কিছু সেতুর রক্ষাপ্রদ কাজ আংশিক ক্ষতিগ্রস্ত এবং সেতুর রং নষ্ট হয়ে গেছে দেখতে পাওয়া যায়। এগুলো সংশোধন ও মেরামত করা একান্ত প্রয়োজন।
- উন্নত ও দ্রুত যোগাযোগ ব্যবস্থার ফলে কৃষকদের উৎপাদিত পণ্যের সহজ বাজারজাতকরণ সম্ভব হয়েছে।
- প্রকল্পের দুর্বল দিক হচ্ছে ট্রাফিক পুলিশ নেই ও পানি নিষ্কাশন ব্যবস্থা ভালো না।

৩.৬.৫.৩ মুখ্য ব্যক্তিবর্গের সাথে আলোচনার (কেআইআই) ফলাফল পর্যালোচনা

প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা, প্রকৌশলী ইত্যাদি মুখ্যব্যক্তিগণ প্রকল্পের স্থায়িত্ব বৃদ্ধি ও সুবিধাগুলো কার্যকর রাখার জন্য নিবিড় আলোচনায় অংশগ্রহণকারীগণ নিম্নলিখিত পরামর্শ প্রদান করেছেন।

- প্রকল্পটির নকশা জনগণের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ ভাবে প্রণয়ন করা হয়েছে।
- বাহ্যিক দৃষ্টিতে সেতুসমূহ ভালো দেখতে পাওয়া যায়। তবে কিছু কিছু সেতুর কাজ আংশিক ক্ষতিগ্রস্ত এবং সেতুর রং নষ্ট হয়ে গেছে দেখতে পাওয়া যায়। এগুলো সংশোধন ও মেরামত করা একান্ত প্রয়োজন।
- বাঁক ও এ্যাপ্রোচ সড়ক অঞ্চলে গাইড পোষ্ট এবং কি: মি: ভিত্তিক কি:মি: পোস্ট স্থাপন করা হয়েছে। অস্পষ্ট হয়ে যাওয়া রোড মার্কিং ও সাইন সিগন্যালের লেখা পুনরায় করা প্রয়োজন ।
- পরিবেশের উপর ইতিবাচক প্রভাব রক্ষায় রাস্তার দুইপাশে গাছ লাগাতে হবে।
- জনবল নিয়োগের মাধ্যমে সম্পদ রক্ষা করতে হবে, যাত্রীর নিরাপত্তা ও যাত্রী সেবা নিশ্চিত করতে হবে।
- কিছু কিছু রাস্তা বাঁকা রয়েছে, তার সরলীকরণ করা প্রয়োজন।

৩.৬.৫.৪ স্থানীয় পর্যায়ে কর্মশালার ফলাফল পর্যালোচনা

সমীক্ষার কার্যপরিধি অনুযায়ী প্রকল্প এলাকায় (জেলা প্রশাসক অফিস, নরসিংদী) স্থানীয় পর্যায়ে একটি কর্মশালার আয়োজন করা হয়েছিল। সেখানে আইএমইডি ও বাংলাদেশ সওজ কর্মকর্তাগণের উপস্থিতিতে বিভিন্ন সামাজিক ও পেশাজীবী সংগঠনের মুখপাত্র, এলাকার সচেতন ব্যক্তিবর্গ, এনজিও প্রতিনিধি, সাংবাদিক ও যাত্রীগণের সাথে প্রকল্পের বিষয়ভিত্তিক আলোচনা ও মতবিনিময় অনুষ্ঠিত হয়। এই কর্মশালার উদ্দেশ্য ছিল প্রকল্পের ও সরকারের দৃষ্টিভঙ্গি ব্যাখ্যা এবং অংশগ্রহণকারীগণের প্রশ্ন ও তার উত্তর প্রদান।

কর্মশালায় প্রধান অতিথি ছিলেন জনাব জহির রায়হান, মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২; আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইএমইডির কর্মকর্তা (জনাব মো. মাহমুদ হাসান, পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২; আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। কর্মশালায় আরো অংশগ্রহণ করেন যাত্রী, সওজ কর্মকর্তা, ব্যবসায়ী, চাকুরিজীবী, ছাত্র, এলাকাবাসীএবং বিভিন্ন পত্র-পত্রিকার সাংবাদিকগণ।

কর্মশালা শুরুর প্রারম্ভিক বক্তৃতায় আইএমইডি'র উপ-পরিচালক প্রকল্পের পরিচিতি ও সমীক্ষার উদ্দেশ্য ও সমাপ্ত কাজের সংক্ষিপ্ত বিবরণ প্রদান করেন। অতঃপর পরামর্শক দলের টিম লিডারের সঞ্চালনায় প্রকল্পের প্রভাব সংক্রান্ত বিষয়ের ওপর আলোকপাত করেন এবং প্রকল্পের বিভিন্ন দিক ব্যাখ্যাসহ আলোচনা করেন- যা এ প্রতিবেদন প্রণয়নে গুরুত্বপূর্ণ তথ্য হিসেবে প্রতিফলিত হয়েছে।

অংশগ্রহণকারীগণ প্রধানত প্রকল্পের নেতিবাচক ও ইতিবাচক দুটি দিক সম্পর্কেই আলোচনা করেন-যা নিম্নে সার-সংক্ষেপাকারে বর্ণিত হলো-

- রাস্তার পাশে পর্যাপ্ত জায়গার অভাব।
- প্রস্থতা আরও বাড়াতে পারলে ভালো হতো।
- বাজার /গ্রোথ সেন্টার এলাকায় যেখানে ড্রেনেজ ব্যবস্থার সমস্যা রয়েছে।
- বাহ্যিক দৃষ্টিতে সেতুসমূহ ভালো দেখতে পাওয়া যায়। তবে কিছু কিছু সেতুর রক্ষাপ্রদ কাজ আংশিক ক্ষতিগ্রস্ত এবং সেতুর রং নষ্ট হয়ে গেছে দেখতে পাওয়া যায়।
- রাস্তার প্রশস্ততা বাড়ানোর পরে সময়ের সাথে সাথে রাস্তার দুপাশে ইচ্ছামত বিভিন্ন ধরনের স্থাপনা নির্মাণ হওয়ায় রাস্তায় চলাচলের গতি হ্রাস পেতে থাকে ।

চিত্র ৩.১২- স্থানীয় পর্যায়ে কর্মশালা
আয়োজনের তারিখ- ১৩/০৫/২০২৩

৩.৭ কেস স্টাডি (Case Study)

সমীক্ষাকালে মোঃ জব্বার নামক জনৈক উপকারভোগীগণের সাক্ষাৎকার থেকে জানা গেছে রাস্তা নির্মাণের ফলে অনেকেরই কর্মসংস্থান ও আয় বেড়েছে। এ রকম একজন উপকারভোগীর অভিজ্ঞতা নিম্নে দেয়া হলো।

মার্কেটের নাম	:	বরমি বাজার
উত্তরদাতার নাম	:	মোঃ জব্বার
বয়স	:	৪৫ বছর
মার্কেটের ব্যবসায়ীর সংখ্যা	:	২০ জন

প্রকল্প বাস্তবায়ন পূর্ব ও পরবর্তী অবস্থা

প্রায় বিশ বছর যাবত মোঃ জব্বার বরমি বাজার স্টেশন মার্কেটে ব্যবসায় পরিচালনা করে আসছেন। তার ব্যবসা হচ্ছে তৈরি পোশাক সম্পর্কিত । তৈরি পোশাক সে ঢাকার বিভিন্ন পাইকারি মার্কেট থেকে সংগ্রহ করে তার শো-রুমে নিয়ে আসেন । প্রতি মাসে তার দুই-এক বার ঢাকায় যেতে হয়। নতুন নতুন ডিজাইনের পোশাক পছন্দ করতে হয় এবং অর্ডার করতে হয়। এছাড়া তাদের মার্কেটে আরও শাড়ি, কাপড় ও তৈরি পোশাকের ব্যবসায়ী আছেন। শাড়ি, কাপড় ও তৈরি পোশাক কিনতে তারাও বিভিন্ন সময়ে ঢাকায় যান। ঢাকার বিভিন্ন পাইকারি দোকান থেকে কাপড় ও তৈরি পোশাক কিনেন। রাস্তা নির্মাণের পূর্বে মালামাল পরিবহণ করতে ব্যবসায়ীদের অনেক ঝামেলা পোহাতে হতো। পুর্বে তারা ভ্যানে করে মালামাল পরিবহণ করতেন । তাতে তাদের পরিবহণ খরচ পড়ত অনেক বেশি, সময়ও বেশি লাগতো। এখন মালবাহী ট্রাকে মালামাল অত্যন্ত নিরাপদে, কম সময়ে এবং ঝামেলা বিহীনভাবে প্রতি সপ্তাহে মালামাল আনা নেওয়া হচ্ছে। এতে তার এবং অন্যান্য ব্যবসায়ীদের ব্যবসার আকার দিন দিন বাড়ছে। এলাকার জনগণ পূর্বে নতুন পোশাক কিংবা কাপড় কেনার জন্য ঢাকায় যেতেন। এখন তাদের নিত্য নতুন ডিজাইনের পোশাক এলাকার দোকানে পাওয়া যায়। মানুষজন আর যানজট ঠেলে ঢাকায় যেতে চায় না। এতে করে তার এবং আশেপাশের কাপড় ব্যবসায়ীদের আয় রোজগার বাড়ছে। তার মাসিক আয় কয়েক লক্ষ টাকা । গত দুই বছর কোভিডের কারণে ব্যবসার অবস্থা ভালো ছিল না। তার ভাষ্যমতে, সেতু নির্মাণের কাজ শুরুর পর থেকে এলাকায় সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠন গড়ে উঠেছে । তাতে এলাকায় লোক সমাগম ও কর্মচাঞ্চল্য বাড়তে থাকে । গ্রামের প্রত্যন্ত অঞ্চলের বহু লোক উপজেলায় চলে এসেছে তাদের সন্তানদের ভালো স্কুল ও কলেজে পড়াশোনা করাতে । জনগণ আগের তুলনায় শিক্ষার বিষয়ে অনেক সচেতন। রাস্তার উন্নয়নের ফলে যাত্রী চলাচল, মালপত্র আনা-নেওয়ার কাজ দিন দিন বাড়তে থাকে। ব্যবসার পরিসর বৃদ্ধি পাওয়ায় তার ব্যবসা থেকে আয়ও পূর্বের তুলনায় অনেক বৃদ্ধি পেয়েছে । তার ফ্যাশন হাইজে ৬ জন কর্মচারি কাজ করছে যাদের এক এক জনের বেতন ১৫,০০০-২০,০০০ টাকা । কর্মচারিদের ছেলেমেয়েরাও স্কুলে পড়াশোনা করছে। তিনি একজন সফল ব্যবসা উদ্যোক্তা হওয়ায় এলাকার কিছুসংখ্যক মানুষের জন্য হলেও কর্মসংস্থান করতে পেরেছেন । তার স্বপ্ন আগামী ৫ বছরে আরও কয়েকটি ফ্যাশন হাউস প্রতিষ্ঠা করবেন যেখানে নারী-পুরুষ মিলে অন্তত ৫০ জন কাজ করবে।

অধ্যায় ৪
সবল ও দুর্বল দিক এবং সুযোগ ও ঝুঁকি বিশ্লেষণ

৪.১ প্রকল্পের SWOT বিশ্লেষণ

প্রকল্পটির সার্বিক SWOT বিশ্লেষণ অর্থাৎ সবলতা (Strengths), দুর্বলতা (Weaknesses), সুযোগ (Opportunities) ও ঝুঁকি (Threats) এইদিক গুলো এ অধ্যায়ে আলোচনা করা হয়েছে। পরামর্শক দলের সরজমিনে পর্যবেক্ষণ, সমীক্ষার মাঠ পর্যায়ের তথ্য, সড়ক পরিবহনের কর্মকর্তাগণের সাথে নিবিড় আলোচনা, এফজিডি এবং স্থানীয় কর্মশালায় প্রাপ্ত তথ্যের মাধ্যমে এবং প্রকল্পটির SWOT বিশ্লেষণ নির্দেশকের আলোকে মতামত বা মন্তব্য প্রদান করা হয়েছে।

প্রকল্পের সবল দিকসমূহ	**প্রকল্পের দুর্বল দিকসমূহ**
▪ প্রকল্প এলাকার আর্থসামাজিক ও জীবন মানের উন্নয়ন । ▪ নিরাপদ এবং ব্যয় সাশ্রয়ী সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নতি। ▪ রাজধানী ঢাকার সহিত গাজীপুর, নরসিংদী ও নারায়াণগঞ্জ জেলার সহিত ৬টি আঞ্চলিক মহাসড়ক যার মোট দৈর্ঘ্য ১৪৯.২৮ কিলোমিটার, যা এই প্রকল্পের ব্যাপ্তি। ▪ প্রকল্প বাস্তবায়নে বর্ধিত সময় প্রয়োজন হলেও সরকার হতে প্রতি বছর প্রয়োজনীয় অর্থের বরাদ্দ প্রদান করা হয়। ▪ ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী নির্মাণ সামগ্রী ব্যবহার	▪ প্রকল্প বাস্তবায়নে আউট সোসিংয়ের মাধ্যমে জনবল ও পরামর্শক নেওয়ার সুযোগ থাকলেও তা নেওয়া হয়নি। ▪ মূল ডিপিপিতে বৃক্ষ রোপণের কথা বলা হলেও, পরবর্তীতে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। ▪ ফিজিবিলিটি সমীক্ষা যথার্থ হয়নি। রাস্তার বিভিন্ন অংশে ট্রাফিক এনালাইসিস করে রাস্তা সরলীকরণের প্রস্তাব দেয়া উচিত ছিল। ▪ বাজার এলাকায় রাস্তার পাশে পর্যাপ্ত জায়গা না থাকায় যানযট বৃদ্ধি পেয়েছে ।
প্রকল্পের সুযোগসমূহ	**প্রকল্পের ঝুঁকিসমূহ**
▪ যোগাযোগ ব্যবস্থার উন্নতির ফলে ব্যবসা, চাকরি ও প্রয়োজনীয় কাজ দ্রুত করার সুযোগ হয়েছে এবং মানুষের শ্রম-ঘন্টা নষ্ট হবে না। ▪ রাজস্ব বৃদ্ধির সুযোগ তৈরি হয়েছে ▪ বড় ধরনের রাস্তা নির্মানের ফলে সড়ক ও জনপথ অধিদপ্তরের মাঠ পর্যায়ের অভিজ্ঞতা বাড়াবে। ▪ প্রকল্প বাস্তবায়নের ফলে সকল ক্ষেত্রে উন্নয়ন হয়েছে।	▪ রক্ষণাবেক্ষণের অভাবে উপযোগিতা হারাতে পারে। রক্ষণাবেক্ষণের জন্য পর্যাপ্ত অর্থ ও নির্দিষ্ট লোকবল নেই। ▪ কিছু কিছু জায়গায় রাস্তার বাঁকের জন্য দূর্ঘটনার ঝুঁকি রয়ে গেছে। রাস্তার বাঁক সোজা করা ও নজরদারি করা অত্যন্ত জরুরী। ▪ বৃক্ষরোপন বা বনায়নকে প্রকল্পের আওতায় না আনা। প্রকল্পের আওতায় আনা হলে পরিবেশের উপর ইতিবাচক প্রভাব পড়তো।

৪.২ প্রকল্পের সবলতা (Strengths), দুর্বলতা (Weaknesses), সুযোগ (Opportunities) ও ঝুঁকি (Threats) সমূহের পর্যালোচনা

৪.২.১ সবল দিক সমূহের পর্যালোচনা

প্রকল্পটি রাজধানী ঢাকার সহিত গাজীপুর, নরসিংদী ও নারায়াণগঞ্জ জেলার সহিত ৬টি আঞ্চলিক মহাসড়ক (১৪৯.২৮ কিলোমিটার) উন্নয়ন করেছে। প্রকল্পের প্রধান সবল দিক হচ্ছে এলাকার যানবাহন চলাচলের সমস্যা চিহ্নিত করে সেগুলো নিরসনে সঠিক উদ্দেশ্য নির্ধারণ এবং সেই মোতাবেক নকশা ও ডিজাইন অনুযায়ী সড়ক অবকাঠামো নির্মাণ। রাজধানী ঢাকার সহিত

গাজীপুর, নরসিংদী ও নারায়াণগঞ্জ জেলার যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে। এর ফলে প্রকল্প এলাকার আর্থসামাজিক ও জীবন মানের উন্নয়ন সাধিত হয়েছে।

প্রকল্পটি বাস্তবায়নের ফলে যাতায়াতের সময় ও ব্যয় কমেছে, পূর্বের তুলনায় জীবনমান আরামদায়ক হয়েছে, সড়কে যানজট কমেছে, এলাকার জনসাধারণ নির্বিঘ্নে চলাফেরা করতে পারছে।

৪.২.২ দুর্বল দিক সমূহের পর্যালোচনা

দুর্বল দিক হচ্ছে সম্ভ্যাবতা যাচাই রিপোর্টে জমি অধিগ্রহনের সুনির্দিষ্ট প্রস্তাব না থাকা। রাস্তার বিভিন্ন অংশে ট্রাফিক এনালাইসিস করে রাস্তা সরলীকরণের প্রস্তাব দেয়া উচিত ছিল, যা করা হয়নি।

এছাড়া পর্যবেক্ষণ করে দেখা যায়, প্রকল্প বাস্তবায়নে ২.৩১ হেক্টর ভূমি অধিগ্রহণ করার জন্য ডিপিপিতে সংস্থান থাকলেও অধিগ্রহনের আইন পরিবর্তন হয়ে অধিগ্রহনের জমির উচ্চ মূল্যের কারনে ২.৩১ হেক্টরের পরিবর্তে ০.৩৩৯ হেক্টর জমি অধিগ্রহন করা হয়েছে।

বাজার এলাকায় রাস্তার পাশে পর্যাপ্ত জায়গা না থাকায় যানযট বৃদ্ধি পেয়েছে । মূল ডিপিপিতে বৃক্ষ রোপণের কথা বলা হলেও, পরবর্তীতে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি, যা প্রকল্পের দুর্বল দিক বলা যায়।

৪.২.৩ প্রকল্পের সুযোগ সমূহের পর্যালোচনা

সরজমিনে পরিদর্শন করে দেখা যায়, সড়কের উভয় পাশে শিল্প কারখানা, ক্ষুদ্র ও মাঝারি এবং বিভিন্ন প্রকার ব্যবসা, হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে। যোগাযোগ সহজ ও দ্রুত হওয়ায় ব্যবসায়ীগণ স্বল্প সময়ে চাহিদা মতো সরবরাহ করতে পারছেন, ব্যবসা বাণিজ্যের বিস্তার বাড়ছে। এর ফলে মানুষের কর্মসংস্থানের সুযোগ বেড়েছে। গ্রামীণ ও প্রত্যন্ত এলাকা পর্যন্ত নেটওয়ার্ক সম্প্রসারিত হওয়ার ফলে মানুষের ব্যবসা-বাণিজ্য ও কর্মসংস্থান বাড়ার ফলে সরকারের রাজস্ব বৃদ্ধির সুযোগ তৈরি হবে। আগের তুলনায় সময় কম ক্ষেপনের কারণে সংশ্লিষ্ট এলাকার জনগণ চিকিৎসা সেবা প্রাপ্তি, অন্তঃনগর যাতায়াত বৃদ্ধি, শিক্ষা গ্রহণ সহজ হয়েছে।

৪.২.৪ প্রকল্পের ঝুঁকি সমূহের পর্যালোচনা

একটি উন্নয়ন প্রকল্প গ্রহণের পূর্বে তার সম্ভাব্যতা সমীক্ষা যাচাইয়ের সময় এর অর্জন, ইতিবাচক, নেতিবাচক দিকসমূহ বিশ্লেষণ করে তার প্রকৃত লাভ হিসাব করা হয়। একটি প্রকল্প গ্রহণের সময় অর্থের প্রতুলতা, নির্মাণ সামগ্রীর প্রাপ্যতা, ব্যবস্থাপনা, মান নিয়ন্ত্রণ, জনবল, পরিবেশের ওপর প্রভাব, রাজনৈতিক পরিস্থিতি বিবেচনা করা হয়। প্রকল্প বাস্তবায়নকালে কিছু কিছু গুরুত্বপূর্ণ জিনিস অনুমান করা হয়ে থাকে। সম্ভ্যাবতা যাচাই রিপোর্ট প্রস্তুতকালে রাস্তার বাঁক সরলীকরণ নিয়ে কোন প্রস্তাব দেয়া হয়নি।

সরজমিনে পরিদর্শন করে দেখা যায়, কিছু কিছু জায়গায় রাস্তার বাঁকের জন্য দূর্ঘটনার ঝুঁকি রয়ে গেছে ও যানজট সৃষ্টি হয়। রাস্তার বাঁক সোজা করা ও রক্ষণাবেক্ষণ করা অত্যন্ত জরুরী। বৃক্ষরোপন বা বনায়ন না করার কারণে পরিবেশের উপর প্রভাব পড়তে পারে। কর্তৃপক্ষকে এ বিষয়ে নজর দেওয়া উচিত। নিয়মিত ও প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণের জন্য সওজ দক্ষ জনবল, যন্ত্রপাতি ও প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করে সড়ককে সচল রাখার ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

অধ্যায় ৫
সার্বিক পর্যবেক্ষণ

প্রকল্পটির প্রভাব মূল্যায়নের জন্য প্রকল্প বাস্তবায়নের মৌলিক দলিল হিসাবে মূল ডিপিপি, সংশোধিত ডিপিপি, সমাপ্তি প্রতিবেদনসহ প্রকল্প চলমান অবস্থায় প্রকল্পের অনেক তথ্য সংগ্রহসহ বিশ্লেষন করা হয়েছে । প্রকল্প এলাকা সরজমিনে পরিদর্শন, পর্যবেক্ষন, মাঠ পর্যায়ে পরীক্ষা নিরীক্ষা করা হয়েছে। প্রকল্প এলাকার উপকারভোগী ও কন্ট্রোল গ্রুপের নিকট থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে,যা পরিশিষ্ট আকারে দেয়া হয়েছে। FGD,KII,Workshop এর মাধ্যমে বিভিন্ন স্টেকহোল্ডার ও উপকারভোগীদের নিকট থেকে প্রকল্প সমাপ্তির পরে প্রকল্পের প্রভাব নিয়ে আলোচনা করে তথ্য গ্রহন করা হয়েছে। বাস্তবায়ন, পরীবিক্ষন ও মূল্যায়ন বিভাগ, প্রকল্প বাস্তবায়ন এলাকার সড়ক ও জনপথ বিভাগের বিভিন্ন স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের নিকট থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান কতৃক প্রভাব মূল্যায়নের প্রাপ্ত তথ্য-উপাত্ত যথাযথ পদ্ধতিতে বিন্যস্ত ও বিশ্লেষন করা হয়েছে। পর্যালোচনার প্রাপ্ত তথ্যাদির সার সংক্ষেপ নিম্নে দেয়া হলঃ

৫.১ প্রকল্প বাস্তবায়নে নির্ধারিত সময়ের বেশী (Time over run) ও ব্যায় বৃদ্ধি (Cost Over Run)

- প্রকল্পটি মূল ডিপিপি অনুসারে অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ছিল ৫৯১৭৪.৮০ লক্ষ টাকা এবং সংশোধিত প্রাক্কলিত ব্যয় ছিল ৬৩১৩১.৩২ লক্ষ টাকা। প্রকল্পটিতে মূল ডিপিপি থেকে ৬.৬% খরচ বেশী হয়েছে।

- প্রকল্পটি মূল ডিপিপি অনুসারে বাস্তবায়ন কাল ছিল ১-৩-২০১৭ হইতে ৩১-১২-২০১৯ অর্থাৎ ২ বৎসর ১০ মাস এবং সংশোধিত ডিপিপি অনুসারে বর্ধিত অনুমোদিত বাস্তবায়ন কাল ৩০-৬-২০২০। প্রকল্পটি সম্পন্ন হতে ৬ মাস সময় বেশি লেগেছে।

৫.২ প্রকল্পের অর্থবছর ভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন

- মূল ডিপিপিতে পূর্ত কাজের ৮ টি প্যাকেজ ছিল। পরবর্তীতে ২ টি প্যাকেজ সংযোজন করে সংশোধিত ডিপিপিতে পূর্ত কাজের ১০ টি প্যাকেজের সংস্থান রাখা হয়।

- মূল ডিপিপিতে রাজস্ব খরচের সরবরাহ ও সেবা খাতে বৎসর ভিত্তিক আর্থিক ও ভৌত খাতে ১১৬.৭৯ লক্ষ টাকা দেখানো হয়েছে,যা পরবর্তীতে সংশোধিত ডিপিপিতে দেখানো হয়নি।অর্থাৎ প্রকল্পের রাজস্ব খরচের সরবরাহ ও সেবা খাতে কোন অর্থ খরচ করা হয়নি।

- মূল ডিপিপিতে ভূমি অধিগ্রহণের জন্য ১ম বছরে লক্ষ্যমাত্রা ছিল ৫৭৪.৮৮ লক্ষ টাকা এবং ২য় বছরে লক্ষ্যমাত্রা ছিল ৮৬২.৩৩ লক্ষ টাকা, আরডিপিপি অনুসারে দেখা যায়, ১ম বছরেই ১৪০৬.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা অঙ্গের ৯৭.৮৩ %। সংশোধিত ডিপিপিতে ভৌত কাজ ও খরচের যে বৎসরভিত্তিক টার্গেট/খরচ প্রদান করা হয়েছে তা মূল ডিপিপিতে দেখানো ভৌত টার্গেট ও খরচের সাথে তারতম্য রয়েছে।

- আরডিপিপি অনুসারে, প্রকল্পটি প্রথম অর্থ-বছরে ৩.৮৪% কাজ সম্পন্ন করে এবং ২য়, ৩য় ও ৪র্থ বছরে যথাক্রমে ৩১.৬৮%, ৩৫.৭৩% ও ২৯.১০% সম্পন্ন করে। প্রথম বছরে শুধু ভূমি অধিগ্রহণ ও ইউটিলিটি অপসারণ করা হয়।

৫.৩ অর্থ-বছর ভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয়

সমীক্ষায় দেখা যায় যে প্রথম অর্থ ছাড় হয়েছিল ২০১৭ সালে এবং সর্বশেষ অর্থছাড় হয়েছিল ২০২০ সালে। এতে দেখা যায় যে মোট ৪ বার অর্থ ছাড় হয়েছিল । আরডিপিপি (১ম সংশোধন) অনুযায়ী এডিপিতে বরাদ্দ ছিলো ৬৩,১৩১.৩২ লক্ষ টাকা। অর্থ ছাড় করা হয় ৬২,১২৭.২৯ লক্ষ টাকা এবং প্রকৃত ব্যয় হয় ৬২,১২৭.২৯ লক্ষ টাকা ।

৫.৪ অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি

প্রকল্পটিতে অঙ্গভিত্তিক যে লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল তা কোন কোন ক্ষেত্রে সামান্য কম বাস্তবায়িত হয়েছে। সার্বিক বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। প্রকল্পের মোট আর্থিক অগ্রগতি ৯৮.৪১% এবং বাস্তব অগ্রগতি ১০০% হয়েছে মর্মে প্রকল্পের সংশ্লিষ্ট প্রতিবেদন পর্যবেক্ষণ করে দেখা যায়।

- বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি পর্যবেক্ষণ করলে দেখা যায়, আরসিসি বক্স কালভার্ট নির্মাণ ১২০.৯০ মিঃ করার কথা থাকলেও প্রকৃত অর্থে দেখা যায় ১১৬.৯০ মিঃ বাস্তবায়িত হয়েছে। এছাড়াও আরসিসি প্লেট প্যালাসাইডিং ৩৬৩৫ মিটার করার কথা থাকলেও প্রকৃত অর্থে দেখা যায় ৩২৬০ মিঃ বাস্তবায়িত হয়েছে।

- ড্রেন নির্মাণ ২২৩২৪ মিটার করার কথা থাকলেও প্রকৃত অর্থে দেখা যায় ২০৪২৪ মিঃ বাস্তবায়িত হয়েছে।

- সংশোধিত ডিপিপিতে ভৌত কাজ ও খরচের যে বৎসর ভিত্তিক টার্গেট/খরচ প্রদান করা হয়েছে তাহা মূল ডিপিপিতে দেখানো ভৌত টার্গেট ও খরচের মধ্যে অনেক তারতম্য রয়েছে। মূল ডিপিপি প্রনয়নের সময় যে বিচক্ষনার দৃষ্টিতে বৎসর ভিত্তিক ভৌত কাজ ও খরচের লক্ষ্যমাত্রা নির্ধারন করা উচিত ছিল তা করা হয় নাই।

- মূল ডিপিপি'তে ফিজিক্যাল ও প্রাইস কন্টিনজেন্সি হিসাবে যথাক্রমে ৫৮০.১৫ লক্ষ টাকা করে মোট ১১৬০.৩০ লক্ষ টাকার সংস্থান ছিল। সংশোধিত ডিপিপি'তে ফিজিক্যাল ও প্রাইস কন্টিনজেন্সি হইতে ১১৫০.৩০ টাকা প্রকল্পের অতিরিক্ত বৃদ্ধির খাতে খরচ করা হয়েছে।

৫.৫ মূল ডিপিপি প্রস্তুতকরণে অসঙ্গতি

- মূল ডিপিপি'এর লগফ্রেমে প্রকল্পের আউটপুট ও ইনপুট একইরূপ দেখানো হয়েছে যা প্রকল্প দলিল প্রস্তুতের একটি দূর্বলতা।
- প্রকল্পের আওতায় অর্থ বৎসরভিত্তিক কর্ম পরিকল্পনায় মূল ডিপিপিতে বৎসরভিত্তিক ভৌত ও খরচের অঙ্গভিত্তিক টার্গেট প্রদান করা হয়েছে। প্রতিটি অঙ্গের টার্গেট সাধারন নিয়মে প্রথম বৎসরে ১০%,দ্বিতীয় বৎসরে ৪০%,তৃতীয় বৎসরে ৩০% এবং চতুর্থ বৎসরে ২০% হিসাবে গড়ে দেখানো হয়েছে। এটি বাস্তবতার সহিত অসঙ্গতিপূর্ন।
- প্রকল্পের সম্ভাব্যতা যাচাই রিপোর্টে জমি অধিগ্রহনের পরিমান সূনির্দিষ্টভাবে দেখানো হয়নি।
- প্রকল্পটি একনেক সভায় আলোচনা ও অনুমোদনকালে " প্রস্তাবিত আঞ্চলিক মহাসড়কের দু'ধারে হর্টিকালচার ডিপার্টমেন্ট এর সহায়তা নিয়ে রেইন ট্রি, নিম গাছ ও তাল গাছ লাগানোর ব্যবস্থা করতে হবে" সিদ্ধান্ত গৃহীত হয়। (রেফারেন্সঃ একনেক শাখা-১ এর ০৪.০৫.২০১৭ তারিখে এর পত্র)। প্রকল্পটি প্রাথমিক অবস্থায় সংশোধন করে একনেক সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন করা সহজ ছিল। প্রকল্পের সংশোধিত ডিপিপিতে উপরের সিদ্ধান্ত বাস্তবায়নের কোন চিহ্ন পাওয়া যায়নি।
- মূল ডিপিপি'এর মধ্যে পূর্ত কাজের ক্রয় পরিকল্পনাটি প্রকৃত ক্রয়ের সহিত সামঞ্জস্যপূর্ন নয়। (রেফারেন্সঃ মূল ডিপিপি পৃষ্ঠা-২০)। ক্রয় পরিকল্পনায় দেখানো দরপত্র আহ্বান ও কাজ সমাপ্তির তারিখের মধ্যে তারতম্য হয়েছে।

৫.৬ ফিজিবিলিটি ষ্ট্যাডি

প্রকল্পের আওতায় ২.৩১ হেক্টর জমি অধিগ্রহনের প্রস্তাব থাকলেও সম্ভাব্যতা যাচাই রিপোর্টে তা উল্লেখ ছিলনা। এছাড়াও রাস্তার ২টি জায়গায় প্রায় ৯০" কোণে বাঁক দেখা যায়, যেখানে যানযটের সৃষ্টি হয়, সম্ভাব্যতা যাচাই রিপোর্টে বাঁকসমূহ সোজা করার বিষয়েও সূনির্দিষ্ট প্রস্তাব দেয়া হয়নি।

৫.৭ প্রকল্প ব্যবস্থাপনা সেট-আপ

প্রকল্পটি প্রস্তুতিতে ডিপিপি'এর অংশ হিসাবে একটি প্রকল্প ব্যবস্থাপনা সেট-আপ দেওয়া হয়েছে। (**রেফারেন্সঃ মূল** ডিপিপি পৃস্ঠা-১৫-১৭)।প্রকল্পের আওতায় বিদ্যমান রাজস্ব জনবলের বাহিরেও প্রকল্প বাস্তবায়নের সুবিধার জন্য সরাসরি জনবল নিয়োগ ও আউটসোসিংয়ের মাধ্যমে জনবল নিয়োগ করার নিয়ম আছে। প্রকল্পটির আর্থিক পরিচালনায় কিভাবে সম্পন্ন হবে তার জন্য প্রকল্প সেট-আপে কোন দায়িত্ব প্রদান করা হয়নি।

৫.৮ ভূমি অধিগ্রহণ

"গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ (ঢাকা জোন)" শীর্ষক প্রকল্পের আওতায় টঙ্গী-কালিগঞ্জ-ঘোড়াশাল-পাঁচদোনা (আর-৩০১) আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণের জন্য বিভিন্ন মৌজায় অধিগ্রহণের জন্য ৫.৭০৫০ একর বা ২.৩১ হেক্টর ভূমির অনুকূলে ১,৪৩৭.২১ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছিল। যা জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর কর্তৃক সম্ভাব্য প্রাক্কলনের অনুমোদনের ভিত্তিতে ডিপিপিতে সংযুক্ত করা হয়। উল্লেখ্য যে, ডিপিপিতে উক্ত ভূমি অধিগ্রহণের বিষয়টি "স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২" মোতাবেক সম্ভাব্য ব্যয় হিসেব করে সংযুক্ত করা হয়েছিল। কিন্তু ২০১৭ সালে নতুন ভূমি অধিগ্রহণ আইন অনুমোদন হয়, যাতে অধিগ্রহণের ক্ষতিপূরণ প্রদান বৃদ্ধি করা হয়। নতুন অধ্যাদেশ অনুসারে ডিপিপিতে অনুমোদিত/প্রস্তাবিত ৫.৭০৫০ একর ভূমি অধিগ্রহণ করতে গেলে প্রাক্কলন বাবদ ৫২/৫৩ কোটি টাকার প্রয়োজন হত যা ডিপিপিতে উল্লেখকৃত ব্যয়ের থেকে বেশি।

তাই পরবর্তীতে উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে আলোচনা সাপেক্ষে অনুমোদিত টাকার মধ্যে শুধুমাত্র তুমলিয়া মৌজায় কালিগঞ্জ বাজার বাইপাস হতে টঙ্গীর দিকে ০.৩৩৯ হেক্টর ভূমি ১,৪২৮.২৪ লক্ষ টাকায় অধিগ্রহণ করা হয়।

৫.৯ প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হওয়ার কারণ

সংশোধিত ডিপিপিতে প্রকল্প বাস্তবায়নের বিলম্বের নিম্নলিখিত কারন উল্লেখ করা হয়েছে:

- ঠিকাদারের উদ্ধৃত দরের কারণে - একটি চলমান প্রকল্পের যুক্তিসঙ্গত কারণে সময় বৃদ্ধি পেতে পারে।যৌক্তিক কারণ হলে এটা প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে একটি স্বাভাবিক বিষয়।এখানে কারণ হিসাবে ঠিকাদারের উদ্বৃত দর বোধগম্য নয়।ঠিকাদার সংশ্লিষ্ট ১০ টি প্যাকেজের ঠিকাদারের সহিত চুক্তিমূল্য সকল প্যাকেজের ক্ষেত্রে প্রাক্কলিত মূল্যের কাছাকাছি।এই বিষয়টি প্রকল্পের সময়বৃদ্ধির কারণ হতে পারেনা।

- গাজীপুর সড়ক বিভাগের আওতায় মাওনা -শ্রীপুর -গোসিংগা মহাসড়কের মোট ৪২.৩৫ দৈর্ঘ্য এর মধ্যে মূল ডিপিপিতে ২৭.০০ কিলোমিটার অন্তর্ভুক্ত ছিল।বাকি ১৫.৩৫ কিলোমিটার মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নয়নের লক্ষ্যে আলাদা প্যাকেজ অন্তর্ভুক্ত করা হয়।

- নয়াপুর - আড়াইহাজার - নরসিংদী - রায়পুর মহাসড়কের ২৩ তম কিলোমিটার নরসিংদী সড়ক বিভাগের আওতায় ১ টি ২৮.৭৪ মিটার পিসি গার্ডার সেতু ও ২২ ও ২৩ তম কিলোমিটারে ২টি কালর্ভাট এবং নারায়ণগঞ্জ সড়ক বিভাগের আওতায় ২য় কিলোমিটারে ২০.০০ মিটার কালর্ভাটের পরিবর্তে ২২.৩৬ মিটার সেতু নির্মানের প্রয়োজন হওয়ায় আলাদা প্যাকেজ অন্তর্ভুক্তকরন হয়েছে।

৫.১০ ক্রয় কার্যক্রম

৫.১০.১ ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা (পূর্ত কাজ)

প্রকল্পের পূর্ত কাজ হিসাবে ১০ টি প্যাকেজের আওতায় ১৪৯.২৮ কিলোমিটার রাস্তা উন্নয়ন করা হয়। ১০ টি প্যাকেজের মধ্যে ২,৫,৬,৭,৮,৯ ও ১০ নং পূর্ত প্যাকেজ মূল কার্যাদেশ মেয়াদের মধ্যে সমাপ্ত করা হয়েছে। অবশিষ্ট পূর্ত প্যাকেজের কাজ সমাপ্ত করতে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।

- মূল ডিপিপিতে পূর্ত কাজের ৮ টি প্যাকেজ ছিল। পরবর্তীতে ২ টি প্যাকেজ সংযোজন করে সংশোধিত ডিপিপিতে পূর্ত কাজের ১০ টি প্যাকেজের সংস্থান রাখা হয়।
- প্যাকেজ ডাব্লিউপি-০১ এ মাওনা-শ্রীপুর-গোশিংঙ্গা-হাতিরদিয়া-সম্মানিয়া সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজের সংস্থান রাখা হয়, যার পরিমাণ ছিলো ২৭ কিঃমিঃ। প্রকল্পটি চুক্তি অনুযায়ী ১৪/০৫/২০১৯ এ শেষ হওয়ার কথা থাকলেও ৭ মাস বৃদ্ধি পেয়ে ১২/১২/২০১৯ এ শেষ হয়।

- প্যাকেজ ডাব্লিউপি-০৩ এ টঙ্গী-কালীগঞ্জ-ঘোড়াশাল-পাচঁদোনা সড়ক (চেঃ ০+০০০ হতে ৯+৬০০) সড়ক প্রশস্তকরণ মজবুতিকরণ ও সাফের্সিং কাজের সংস্থান রাখা হয়, যার পরিমাণ ছিলো ৯.৬০ কিঃমিঃ। প্রকল্পটি চুক্তি অনুযায়ী ১৮/০১/২০১৯ এ শেষ হওয়ার কথা থাকলেও ৪ মাস বৃদ্ধি পেয়ে ২২/০৫/২০১৯ এ শেষ হয়।
